# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 22, 1432 Bangla, April 05, 2026, Sunday, No. 92, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman holds first formal meeting with top business leaders to boost country's investment environment and face challenges of industrial sector. (Jago FM: 12)

Government starts special measles-rubella vaccination program from today for children aged between 6 to 59 months. (Jago FM: 11)

Government and private office timing have been fixed from 9 am to 4 pm from today to address energy crisis in country. (Jago FM: 16)

Asian Infrastructure Investment Bank has agreed to provide budget support to Bangladesh to face country's energy crisis. (Jago FM: 15)

Law, Justice and Parliamentary Affairs Minister Md. Asaduzzaman has said there is no relationship between referendum and implementation of July Charter. (Jago FM: 13)

At least five bodies have been recovered after fire breaks out at a gas lighter manufacturing factory at Keraniganj, Dhaka. (BBC: 03)

Bangladesh Passenger Welfare Association informs that at least 619 people were killed and 1,548 others injured in 616 road accidents in last month in country. (Jago FM: 11)

Middle East War has created severe fuel crisis in global market. (Jago FM: 11)

A U.S. warplane has been shot down in Iran for first time in nearly five weeks since start of Middle East war. (DW: 10)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048 44813179 | Assistant News Controller: 44813047 44813178 |
| --- | --- | --- |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**চৈত্র ২২, বাংলা ১৪৩২, এপ্রিল ০৫, ২০২৬, রবিবার, নং- ৯২, ৫৬তম বছর**

# শিরোনাম

দেশের বিনিয়োগ পরিবেশ চাঙা করা ও শিল্পখাতের সংকট মোকাবিলায় শীর্ষ ব্যবসায়ী নেতাদের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক। (জাগো এফএম: ১২)

ছয় থেকে ৫৯ মাস বয়সী শিশুদের হাম-রুবেলা বিশেষ টিকাদান কর্মসূচি আজ শুরু করেছে সরকার। (জাগো এফএম: ১১)

দেশে জ্বালানি সংকট মোকাবিলায় আজ থেকে সরকারি ও বেসরকারি অফিস সময় সকাল ৯টা থেকে ৪টা পর্যন্ত নির্ধারণ। (জাগো এফএম: ১৬)

জ্বালানি সংকট ও অর্থনৈতিক চাপ মোকাবিলায় বাংলাদেশকে বাজেট সহায়তা দিতে সম্মত এশীয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক। (জাগো এফএম: ১৫)

জুলাই সনদ বাস্তবায়নের সঙ্গে গণভোটের কোনো সম্পর্ক নেই বলে মন্তব্য করেছেন আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী অ্যাডভোকেট মো. আসাদুজ্জামান। (জাগো এফএম: ১৩)

ঢাকার কেরাণীগঞ্জে একটি গ্যাস লাইটার তৈরির কারখানায় অগ্নিকাণ্ডে কমপক্ষে পাঁচ জনের মরদেহ উদ্ধার। (বিবিসি: ০৩)

দেশে গত মাসে ৬১৬টি সড়ক দুর্ঘটনায় ৬১৯ জন নিহত ও ১,৫৪৮ জন আহত হয়েছেন বলে জানিয়েছে বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতি। (জাগো এফএম: ১১)

মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতির কারণে বিশ্ববাজারে দেখা দিয়েছে জ্বালানি তেলের তীব্র সংকট। (জাগো এফএম: ১১)

যুদ্ধ শুরুর প্রায় পাঁচ সপ্তাহ পর প্রথমবারের মতো ইরানে মার্কিন যুদ্ধবিমান ভূপাতিত। (ডয়েচে ভেলে: ১০)

# বিবিসি

## গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে ঢাকায় ১১ দলীয় ঐক্যের বিক্ষোভ

সরকার গণভোটের রায়ের বিরুদ্ধে অবস্থান নিয়েছে- এমন অভিযোগ তুলে বিক্ষোভ সমাবেশ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টিসহ ১১ দলীয় নির্বাচনি ঐক্য। এর মধ্যদিয়ে নতুন সরকার ক্ষমতা গ্রহণের পর প্রথমবারের মতো রাজপথের কর্মসূচি পালন করলো সংসদের বিরোধী দল। শনিবার বিকেলে ঢাকার বায়তুল মোকাররম মসজিদের উত্তর গেটে এই বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। বিকেল সোয়া ৫টায় কর্মসূচি শুরুর আগে থেকেই রাজধানীর বিভিন্ন প্রান্ত থেকে ব্যানার ও ফেস্টুনসহ খণ্ড খণ্ড মিছিল নিয়ে নেতা-কর্মীরা সমাবেশস্থলে জড়ো হতে থাকেন। পরে সমাবেশে বক্তব্য রাখেন ১১ দলীয় ঐক্যের নেতারা। যেখানে সংবিধান সংস্কারের মাধ্যমে গণভোটের রায় দ্রুত বাস্তবায়নের দাবি জানান তারা। জাতীয় নাগরিক পার্টি বা এনসিপির সদস্য সচিব আখতার হোসেন অভিযোগ করেন, ভোটের পর বিএনপি জনগণের রায়কে উপেক্ষা করছে। তিনি বলেন, "জনগণের ভোটে নির্বাচিত হয়ে সরকার গঠন করা বৈধ আর জনগণের ভোটে সংস্কার হবে, সেটাকে বলে অবৈধ, এমন দ্বিচারিতা বাংলাদেশের মানুষ সহ্য করবে না।" বক্তব্য রাখেন জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ। তিনি বলেন, গণভোটকে অবজ্ঞা করে জাতিকে অপমান করেছে বিএনপি। সরকার জনস্বার্থের বাইরে গেলে রাজপথ এবং সংসদ সব জায়গাতেই প্রতিবাদ করা হবে বলেও উল্লেখ করেন তিনি।(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৪.২০২৬ এলিনা)

## কেরানীগঞ্জে পুড়ে যাওয়া কারখানায় আগুন নেভানোর পর্যাপ্ত ব্যবস্থা ছিল না : ফায়ার সার্ভিস

কেরানীগঞ্জের কদমতলীতে অগ্নিকাণ্ডের শিকার গ্যাস লাইটার তৈরির কারখানাটিতে আগুন নেভানোর পর্যাপ্ত ব্যবস্থা ছিল না বলে জানিয়েছে ফায়ার সার্ভিস। শনিবার বিকেলে আগুন পুরোপুরি নিয়ন্ত্রণের পর গণমাধ্যমকে ফায়ার সার্ভিসের পক্ষ থেকে জানানো হয়, পুড়ে যাওয়া কারখানা থেকে পাঁচজনের মরদেহ উদ্ধার করা গেলেও, তাদের পরিচয় শনাক্ত করা সম্ভব হয়নি। নিহত পাঁচজনই কারখানাটিতে কর্মরত ছিল বলেই প্রাথমিকভাবে ধারণা করছে ফায়ার সার্ভিস। তাদের মধ্যে কোনো নারী বা শিশু রয়েছেন কি না, সেটি নিশ্চিত হওয়া যায়নি। ফায়ার সার্ভিস বলছে, গ্যাস লাইটার তৈরির কারখানায় মুহূর্তেই আগুন ভয়াবহ আকার ধারণ করেছিল। এই দুর্ঘটনায় কারখানাটির মালিকপক্ষের গাফিলতি ছিল বলেও মনে করে ফায়ার সার্ভিস। শনিবার বেলা সোয়া ১টার দিকে আগুনের খবর পেয়ে দুর্ঘটনাস্থল কেরানীগঞ্জের কদমতলী গোলচত্বর এলাকায় যায় ফায়ার সার্ভিসের অগ্নিনির্বাপন দল। সাতটি ইউনিটের প্রায় দেড় ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে বলে জানানো হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৪.২০২৬ এলিনা)

## কেরানীগঞ্জে গ্যাস লাইটার কারখানার আগুন নিয়ন্ত্রণে, পাঁচটি মরদেহ উদ্ধার : ফায়ার সার্ভিস

ঢাকার কেরানীগঞ্জে একটি গ্যাস লাইটার তৈরির কারখানা অগ্নিকাণ্ডের পর এখন পর্যন্ত পাঁচজনের মরদেহ উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছে ফায়ার সার্ভিস। শনিবার বেলা সোয়া ১টার দিকে আগুনের খবর পেয়ে দুর্ঘটনাস্থল কেরানীগঞ্জের কদমতলী গোলচত্বর এলাকায় যায় ফায়ার সার্ভিসের অগ্নি নির্বাপণ দল। ফায়ার সার্ভিস কন্ট্রোল রুমের ডিউটি অফিসার রোজিনা আক্তার জানিয়েছেন, একটি টিনশেড কারখানায় আগুন লাগে। সাতটি ইউনিটের প্রায় দেড় ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। "আগুন নিয়ন্ত্রণে আনার পর উদ্ধার অভিযান চলছে। এখন পর্যন্ত পাঁচটি মরদেহ উদ্ধার করা হয়েছে," বিবিসি বাংলাকে বলেন তিনি।(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৪.২০২৬ এলিনা)

## মার্চে ১১৩ রাজনৈতিক সহিংসতার ঘটনায় ১৮ জনের মৃত্যু : হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি

মার্চ মাসে কমপক্ষে ১১৩টি রাজনৈতিক সহিংসতার ঘটনায় ১৮ জন নিহত হয়েছেন বলে জানিয়েছে মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি বা এইচআরএসএস। শনিবার বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি নিয়ে প্রকাশিত মাসিক প্রতিবেদনে এই তথ্য জানায় সংগঠনটি। প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, মার্চ মাসে ফেব্রুয়ারির তুলনায় দেশে রাজনৈতিক সহিংসতা তুলনামূলক কমলেও, মৃত্যুর সংখ্যা বেড়েছে। এছাড়া ওই মাসে অন্তত ৩৪টি হামলার ঘটনায় কমপক্ষে ৫৯ জন সাংবাদিক নির্যাতন ও হয়রানির শিকার হয়েছেন। গণপিটুনি ও মব সহিংসতার ঘটনায় ১৩ জন নিহত হয়েছে বলেও উল্লেখ করা হয়েছে। অন্তর্বর্তীকালীন সরকারের জারি করা ১৩৩টি অধ্যাদেশের মধ্যে গুরুত্বপূর্ণ কয়েকটি বর্তমান সরকারের পাস না করার সিদ্ধান্ত "নতুন সরকারের ন্যায়বিচার ও মানবাধিকার রক্ষার প্রতিশ্রুতি নিয়ে মানুষের মনে প্রশ্ন তৈরি করেছে" বলেও প্রতিবেদনটিতে উল্লেখ করা হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৪.২০২৬ এলিনা)

প্রধানমন্ত্রীকে নিয়ে ফেসবুক পোস্ট শেয়ারের অভিযোগে একজন গ্রে**ফতা**র**,** ঠিক কী ঘটেছে**?**

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে আপত্তিকর পোস্ট শেয়ার করার অভিযোগে ময়মনসিংহের মুক্তাগাছায় আজিজুল হক নামের এক ব্যক্তিকে বিনা পরোয়ানায় গ্রেফতারের ঘটনায় আবারও আইনের অপব্যবহার নিয়ে প্রশ্ন উঠেছে। গত ২৬ মার্চ রাতে তাকে গ্রেফতার করা হয়। কিন্তু গ্রেফতারের পরদিন সাইবার সুরক্ষা অধ্যাদেশ ও সন্ত্রাস দমন আইনে তার বিরুদ্ধে মামলা দায়ের করেন স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক মো. ফজলু। মুক্তাগাছা থানার পুলিশ ৫৪ ধারায় মি. হককে গ্রেফতার দেখিয়ে বিচারিক আদালতে পাঠায়। পরে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেওয়া হয়। গ্রেফতারের পরদিন করা মামলা এবং তাতে কী অভিযোগ আনা

হয়েছে, এমন বিষয় জানতে চাইলে কথা বলতে রাজি হননি মামলার বাদী মি. ফজলু। তবে, ময়মনসিংহ আদালত পুলিশের পরিদর্শক মোস্তাছিনুর রহমান বিবিসি বাংলাকে বলেন, মামলাটি তদন্তাধীন রয়েছে। "এই মামলাটি মুক্তাগাছা কগনিজেন্স আদালতে আছে, এটার এফআইআর হয়েছে। সন্ত্রাসবিরোধী আইন ও সাইবার সুরক্ষা অধ্যাদেশ দুইটার অধীনে মামলা হইছে," বলেন মি. রহমান।

এদিকে, মানবাধিকার কর্মী ও সুপ্রিম কোর্টের আইনজীবীরা বলছেন, হয়রানিমূলক ধারার জন্য ডিজিটাল সিকিউরিটি অ্যাক্ট বাতিল করলেও, নতুন করে যে-সব আইন ও অধ্যাদেশ করা হয়েছে, তাতেও এমন বিতর্কিত ধারা রয়ে গেছে। সুপ্রিম কোর্টের আইনজীবী কাজী জাহেদ ইকবাল বিবিসি বাংলাকে জানান, ২০০৬ সালের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন থেকে শুরু করে ডিজিটাল সিকিউরিটি আইন, সাইবার সুরক্ষা অধ্যাদেশসহ এই নিয়ে চারবার আইনটি পরিবর্তন করা হলো। "এখন বিপত্তি হলো প্রত্যেকবারই কিছু লিবারেলাইজ হয়েছে। কিন্তু অ্যাবিউজের সুযোগটা থেকেই যাচ্ছে। আমরা বারবার বলে আসছি, এটা যাতে কোনোভাবেই মতপ্রকাশের স্বাধীনতার সাথে (কনট্রাডিক্টরি) বিপরীতধর্মী না হয়ে যায়," বলেন মি. ইকবাল। আইনজীবীরা জানান, অন্তবর্তী সরকারের করা অধ্যাদেশ যদি ত্রিশদিনের মধ্যে নতুন সরকার বাতিল না করে, তবে তা স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। অর্থাৎ, এই সাইবার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫ বর্তমান জাতীয় সংসদে আইনে পাস করা না হলে এটি অটো বাতিল হয়ে যাবে। এদিকে, এ বিষয়ে প্রতিক্রিয়া জানিয়ে বিএনপির স্থায়ী কমিটির সদস্য রুহুল কবির রিজভী বলেন, "প্রধানমন্ত্রীকে ঘিরে একজন নারীকে নিয়ে কুরুচিপূর্ণ ছবি প্রকাশ করবে, এটাতো অবশ্যই আইনের আওতায় আসা উচিত। কারণ তা নাহলে সমাজে তো বিশৃঙ্খলা তৈরি হবে।"

মুক্তাগাছায় ঠিক কী ঘটেছে?

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রধানমন্ত্রী তারেক রহমানের পাশে একজন নারীর ছবি বসিয়ে একটি ফটোকার্ড তৈরি করে, সেটি তারেক রহমানের নাম সম্বলিত একটি ফেসবুক পেইজে পোস্ট করা হয়েছিল। গত বৃহস্পতিবার, ২৬ মার্চ এই পোস্টটি গ্রেফতারকৃত আজিজুল হকের অ্যাকাউন্ট থেকে শেয়ার করা হয় বলে অভিযোগ রয়েছে। এই পোস্টটিকে ঘিরে বিএনপির নেতা-কর্মীরা বিক্ষুব্ধ হয়ে ওঠে এবং ঝনকা বাজারে রাতেই বিক্ষোভ শুরু করে। নাম প্রকাশে অনিচ্ছুক ময়মনসিংহের স্থানীয় একজন সাংবাদিক জানান, এই ঘটনাকে ঘিরে বিএনপির নেতা-কর্মীরা মুক্তাগাছা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. লুৎফর রহমানের ওপর মি. হককে গ্রেফতারের জন্য 'মব করে চাপ দেয়'। মুক্তাগাছা থানার ওসি অবশ্য এই অভিযোগ অস্বীকার করেন। মামলা হওয়ার আগেই মি. হককে গ্রেফতার করেছেন, কোন অভিযোগে এমন প্রশ্নে বিবিসি বাংলাকে তিনি বলেন, "তার পোস্ট ভাইরাল হয়ে গেছে, ওইটা দেখছি।" "এলাকার লোকজন এসে তথ্য দিচ্ছে তার পোস্টের, পরে তাকে গ্রেফতার করছি। অপরাধ সংঘটিত হয়েছে বুঝে তাকে বৃহস্পতিবার রাতে গ্রেফতার করছি। আমার ওপর চাপ প্রয়োগ বা মব হয় নাই," বলেন পুলিশ কর্মকর্তা মি. রহমান। এদিকে, পরদিন শুক্রবার ফেসবুকে পোস্টের এই ঘটনায় মামলা করেন মো. ফজলু। বিবিসি বাংলা ফোন করলে প্রথমে প্রশ্ন জানতে চাইলেও পরে তিনি পারিবারিক কাজে ব্যস্ত আছেন বলে কথা বলতে অপরাগতা প্রকাশ করেন।

কী পরিবর্তন সাইবার সুরক্ষা অধ্যাদেশে?

সাইবার নিরাপত্তা আইন, ২০২৩ বাতিল করে সাইবার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫ প্রণয়ন হলেও পুরোনো বিতর্কিত ধারা রয়ে গেছে বলে জানিয়েছেন আইনজীবীরা। এর মধ্যে অন্যতম পুলিশকে বিনা পরোয়ানায় তল্লাশি ও গ্রেফতারের ক্ষমতা দেওয়া। নতুন অধ্যাদেশের ৩৫(ঘ) ধারায় বলা হয়েছে, যদি পুলিশ মনে করে কোনো ব্যক্তি এ আইনের অধীনে অপরাধে লিপ্ত হয়েছেন বা হচ্ছেন, তাহলে তাকে পরোয়ানা ছাড়াই গ্রেফতার করা যাবে। আগের আইনেও এই বিতর্কিত ক্ষমতা ছিল, যেটি নিয়ে দীর্ঘদিন ধরে মানবাধিকারকর্মী ও নাগরিক সমাজ উদ্বেগ প্রকাশ করে আসছিল। তবে কিছু পরিবর্তনও এসেছে। নতুন অধ্যাদেশে মুক্তিযুদ্ধ, শেখ মুজিবুর রহমান, জাতীয় সংগীত বা জাতীয় পতাকা নিয়ে সমালোচনার অপরাধের দণ্ডের বিধান আর রাখা হয়নি। পূর্ববর্তী আইনের ২১ ধারায় এসব বিষয়ে 'বিদ্বেষ' ছড়ানোকে শাস্তিযোগ্য অপরাধ হিসাবে বিবেচনা করা হতো। এবার সেই ধারা পুরোপুরি বাতিল করা হয়েছে, যা মতপ্রকাশের স্বাধীনতা রক্ষার দিক থেকে গুরুত্বপূর্ণ অগ্রগতি বলে মনে করছেন বিশ্লেষকরা।

অন্যদিকে, নতুন অধ্যাদেশে সাইবার অপরাধের সংজ্ঞা আরও বিস্তৃত করা হয়েছে। কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) টুল ব্যবহার করে কোনো নেটওয়ার্কে অবৈধ প্রবেশ বা ক্ষতিসাধনকে এখন থেকে অপরাধ হিসাবে গণ্য করা হবে। এতে সর্বোচ্চ পাঁচ বছরের জেল এবং ৫০ লাখ টাকা পর্যন্ত জরিমানার বিধানও রয়েছে। অধ্যাদেশে আরও উল্লেখযোগ্য সংযোজন হলো অনলাইন জুয়া নিষিদ্ধ করে শাস্তি ও জরিমানার বিধানও রাখা হয়েছে। এছাড়া সাইবার নিরাপত্তা আইনের ২, ৪, ৫, ৬, ৮, ১০, ১১, ১৫, ১৯ এই নয়টি ধারা বাতিল করে এসব ধারায় বিচারাধীন এবং তদন্তাধীন থাকা সব মামলা বাতিল করা হয়েছে। এমনকি আদালতের দেওয়া সাজাও কার্যকর হবে না।

'আগের অবস্থারই পুনরাবৃত্তি চলছে'

২০০৬ সালের তথ্য প্রযুক্তি আইন রহিত করে আওয়ামী লীগ সরকারের আমলে ২০১৮ সালে ডিজিটাল সিকিউরিটি আইন প্রণয়ন করা হয়। এই আইনটি হওয়ার পর থেকেই শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হওয়া আগ পর্যন্ত গত কয়েক বছরে সাংবাদিক, রাজনীতিক, শিল্পী, অভিনেতা, চলচ্চিত্র পরিচালক, গার্মেন্টসকর্মী থেকে শিক্ষক ছাত্র পর্যন্ত আসামি হয়ে জেল খেটেছেন। এই আইনের কিছু ধারা নিয়ে শুরু থেকেই আপত্তি জানিয়েছিল মানবাধিকার কর্মীরা। সে সময় এই

আইনে গ্রেফতার, হয়রানির অভিযোগ প্রায়শই শোনা যেত। কার্টুনিস্ট কিশোর আহমেদ এবং লেখক মুশতাক আহমেদকে গ্রেফতার নিয়ে সেসময় ব্যাপক সমালোচনা হয়। পরে কারাগারেই মারা যান মুশতাক আহমেদ। পরে সেটি পরিবর্তন করে সাইবার নিরাপত্তা আইন, ২০২৩ প্রণীত হয়। এতে কিছু ধারা বাতিল, সাজার পরিমাণ কমানো, মিথ্যা মামলা দায়ের করলে সেটি অপরাধ বিবেচনা করে শাস্তির বিধান করা হয় এতে। একইসাথে অ-জামিনযোগ্য ধারা ১৪ টি থেকে কমিয়ে চারটি করা হয়। কিন্তু পুলিশের কাছে বিনা পরোয়ানায় তল্লাশি ও গ্রেফতারের ক্ষমতা রাখায় এই আইনেও মানবাধিকার লঙ্ঘনের সুযোগ থাকার কথা জানায় মানবাধিকার কর্মীরা। পরে সমালোচিত এই আইনটিও বাতিল করা হয়।

অন্তর্বর্তী সরকারের আমলে সাইবার নিরাপত্তা আইন, ২০২৩ বাতিল করে সাইবার সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫ প্রণয়ন করা হয়। মানবাধিকার কর্মীরা বলছেন, মামলা হওয়ার আগেই অতি উৎসাহী ব্যক্তিদের কারণে এই আইনটির যত্রতত্র ব্যবহার করা হচ্ছে। উপযাচক হিসেবে পুলিশ অনেক সময় এই বিষয়ে অতি তৎপরতা দেখা যাচ্ছে। মানবাধিকারকর্মী নূর খান বিবিসি বাংলাকে বলেন, "ডিজিটাল সিকিউরিটি আইনেরই পুনরাবৃত্তি দেখছি, অতি উৎসাহী ব্যক্তিদের কারণে এই আইনটির যত্রতত্র ব্যবহার দেখা যাচ্ছে।" "বাংলাদেশে অনেক বড়ো বড়ো অপরাধ সংঘটিত হচ্ছে। সেদিকে নজর না দিয়ে ব্যক্তি বিশেষকে খুশি করার জন্য উপযাচক হয়ে যে কাজগুলো প্রশাসন থেকে করা হয়, সেই জায়গাগুলো আগের মতোই আছে," বলেন মি. লিটন। এদিকে, সুপ্রিম কোর্টের আইনজীবী কাজী জাহেদ ইকবাল বলছেন, চারবার একই আইনের পরিবর্তন হয়ে লিবারালাইজ হলেও, এখনো কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছানো যায়নি। মতপ্রকাশ সংক্রান্ত বিষয় এই আইন থেকে রহিত করার প্রতি গুরুত্বারোপ করেন সুপ্রিম কোর্টের আইনজীবী কাজী জাহেদ ইকবাল। তবে "প্রধানমন্ত্রীকে ঘিরে একজন নারীকে নিয়ে কুরুচিপূর্ণ ছবি প্রকাশের" ঘটনা "অবশ্যই আইনের আওতায় আসা উচিত" মন্তব্য করেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য রুহুল কবির রিজভী।

তিনি বলেন, "একজন নারী ও পুরুষকে নিয়ে বাজে মন্তব্য করলে সেটি সমাজের জন্য ক্ষতিকর। ব্যঙ্গ বিদ্রুপ করে কার্টুন আঁকা, ক্যারিকেচার করা সেটি অন্য বিষয়। সমালোচনা করে সেটা হতেই পারে, কিন্তু এ ধরনের উদ্দেশ্যপ্রণোদিত কাজ গর্হিত অন্যায়, সেটি অবশ্যই আইনের আওতায় আসা উচিত।" ৫৪ ধারায় বিনা পরোয়ানায় গ্রেফতারের বিষয়ে সমালোচনার কথা উল্লেখ করলে তিনি মন্তব্য করেন, নিবর্তনমূলক আইন থাকা উচিত নয়, তবে এ ধরনের অপরাধ অবশ্যই শাস্তির আওতায় আসা উচিত।(বিবিসি ওয়েব পেজ : ০৪.০৪.২০২৬ আলী আহমেদ)

খাবারের ভিডিও থেকে যেভাবে সুলিভান ব্রাদার্সের বাংলাদেশে আসার গল্প শুরু

টাইব্রেকারে শেষ শট গোল দিলেই বাংলাদেশের হাতে টানা দ্বিতীয়বারের মতো অনূর্ধ্ব ২০ দক্ষিণ এশিয়ান পুরুষ ফুটবল চ্যাম্পিয়নশিপের ট্রফি। আলতো ছোঁয়ায় দারুণ আত্মবিশ্বাসী শট নেন রোনান সুলিভান, বল জালে জড়ানোর সঙ্গে সঙ্গে গ্যালারিতে উচ্ছ্বাস। ভারতকে হারিয়ে চ্যাম্পিয়ান বাংলাদেশ- এই ম্যাচের গ্যালারি দেখে মনেই হতে পারে যেন বাংলাদেশ স্বাগতিক দেশ। কারণ মালদ্বীপের মালে শহরের জাতীয় স্টেডিয়ামের দর্শক সারির একটা বড়ো অংশ জুড়ে ছিলেন মালদ্বীপে পেশার খাতিরে পারি জমানো প্রবাসী বাংলাদেশিরা। আর শেষ শটটিও নিয়েছেন এক প্রবাসী বাংলাদেশি, যিনি আক্ষরিক অর্থেই বাংলাদেশের জার্সি গায়ে খেলবেন, এটা নিশ্চিত ছিলেন না দুই মাস আগেও। ১২ নম্বর জার্সি পরা রোনান সুলিভান যেভাবে শেষ শটে ভারতীয় যুব দলের গোলরক্ষককে পরাস্ত করলেন, এই শটটি ঐতিহাসিকভাবে ফুটবলে পানেনকা হিসেবে পরিচিত। ১৯৭৬ সালে তৎকালীন চেকোস্লোভাকিয়ার আন্তোনিন পানেনকা এমনভাবে শট নেন, যেটা ডানেও না, বামেও না, একদম আলতো টোকায় গোলরক্ষক বরাবর মারা হয়, এতে ধীরগতি ও আগেই একদিকে ঝাঁপ দেওয়ার কারণে মিস করেন কিপার। ঠিক এই শটের পুনরাবৃত্তি ঘটান রোনান সুলিভান। সুদূর আমেরিকা থেকে তার ভাই কুইন সুলিভান খেলা দেখছিলেন ফিলাডেলফিয়া ইউনিয়নের ড্রেসিং রুম থেকে, সেখানে তার পোস্ট করা ভিডিওতে চিৎকার করে বলেন, 'চিপ ইট' অর্থাৎ বল চিপ করো, রোনান করলেন তাই, বাংলাদেশের একটি দলের জয়ের উল্লাস দেখা গেছে আমেরিকান ফুটবলের সর্বোচ্চ লিগের একটি দলের ড্রেসিং রুমে। রোনান এর আগে বাংলাদেশের হয়ে দুটি গোল ও একটি অ্যাসিস্ট করে ফাইনালে আনার পেছনে বড়ো অবদান রাখেন।

শিরোপা জয়ের পেছনে অবদান ছিল বাংলাদেশের অনূর্ধ্ব ২০ জাতীয় দলের গোলকিপার ইসমাইল হোসেইন মাহিনেরও। নির্ধারিত ৯০ মিনিটের খেলায় কোনও পক্ষ গোল দিতে পারেনি, টাইব্রেকারে তিনি ভারতীয় দলের প্রথম পেনালটি ঠেকিয়ে বাংলাদেশ দলের শিরোপা জয়ের আশা জাগিয়ে তোলেন।

খাবারের ভিডিও থেকে বাংলাদেশ দলে

এমনকি অনেকে আশা করছেন, তিনি এবারে যুক্তরাষ্ট্রের হয়ে বিশ্বকাপ ফুটবলেও খেলতে পারেন। ইতোমধ্যে তিনি যুব বিশ্বকাপ খেলেছেন যুক্তরাষ্ট্রের হয়ে এবং নিয়মিত ফিলাডেলফিয়া ইউনিয়নের হয়ে মেজর সকার লিগে খেলছেন, যেই লিগে খেলছেন লিওনেল মেসি। ফিলাডেলফিয়া ইউনিয়নের এক সোশ্যাল মিডিয়া পোস্ট থেকেই এই তরুণ ফুটবলারের গল্পে হঠাৎ করেই উঠে এসেছে বাংলাদেশের কথা। স্থানীয় ক্লাব ফিলাডেলফিয়া ইউনিয়নের একটি ভিডিওতে খাবারের স্বাদ নিতে গিয়ে নিজেদের পারিবারিক শিকড়ের কথা বলতে গিয়ে আলোচনায় আসে তাদের বাংলাদেশি বংশসূত্র। এরপরই শুরু হয় অনুসন্ধান, যা শেষ পর্যন্ত পৌঁছে যায় বাংলাদেশ ফুটবল ফেডারেশন পর্যন্ত। সেই ভিডিওতে দেখা যাচ্ছে, ফিলাডেলফিয়ার এক প্রবাসী বাংলাদেশির পরিচালিত লবঙ্গ কাবাব অ্যান্ড ক্যাফেতে বসে আছেন কুইন। সামনে

ধোঁয়া ওঠা নান, সঙ্গে গরু ও খাসির ঝোল। খেতে খেতেই তিনি গল্প করছিলেন নিজের শিকড় নিয়ে, বাংলাদেশের সঙ্গে তার নাড়ির টান নিয়ে। সেই মুহূর্তের একটি ভিডিও পরে প্রকাশ করে ফিলাডেলফিয়া ইউনিয়নের সামাজিক যোগাযোগমাধ্যম। কুইন তখন সরাসরি নাম উল্লেখ না করলেও, ভালোবেসে তার নানির কথা বলেছিলেন। তিনি জানান, তার নানি ঢাকার মেয়ে। সেখান থেকে তিনি উচ্চশিক্ষার জন্য পাড়ি জমান যুক্তরাষ্ট্রে, ভর্তি হন ইউনিভার্সিটি অফ পেনসিলভ্যানিয়ায় এবং সেখান থেকেই পিএইচডি ডিগ্রি অর্জন করেন। পড়াশোনা শেষে তিনি জাতিসংঘেও কাজ করেছেন। পরে জানা যায়, কুইনের সেই নানির নাম সুলতানা আলম। তিনি বিয়ে করেন ইউনিভার্সিটি অফ পেনসিলভ্যানিয়ার জার্মান অধ্যাপক ক্লাউস ক্রিপেনডর্ফকে।

সুলিভানরা চার ভাই- রোনান ও ডেক্ল্যান এখন বাংলাদেশ বয়সভিত্তিক দলের সাথে, আর কুইন ও ক্যাভান সুলিভান যুক্তরাষ্ট্রের শীর্ষ পর্যায়ের ফুটবল খেলছেন। বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ডিজিটাল মিডিয়া ম্যানেজমেন্ট কমিটির সদস্য অমিত হাসান জানান, এই চার ভাইয়ের নানি সুলতানা আলম একজন মুক্তিযোদ্ধা। তিনি ইউনিভার্সিটি অফ পেনসিলভ্যানিয়ায় পড়াশোনা করতে গিয়ে এক জার্মান প্রফেসরকে বিয়ে করেন। এই দম্পতির মেয়ের ঘরে জন্ম চার ভাইয়ের, যারা এখন যুক্তরাষ্ট্রে ফুটবল খেলায় নিজেদের অবস্থান গড়ে তুলছেন। বাংলাদেশি ক্রীড়া প্রতিবেদক রিফাত মাসুদ বলেন, একটি ভিডিওতে খাবারের স্বাদ নিতে গিয়ে নিজেদের পারিবারিক শিকড়ের কথা তুলে আনার বিষয়টি একটি অনলাইন পেইজ সেইভ বাংলাদেশ ফুটবল প্রথমে খেয়াল করে। ক্লাবের ভিডিওতে তাদের বাঙালি পরিচয়ের ইঙ্গিত পাওয়ার পর পেইজটি সুলতানা আলমের সঙ্গে যোগাযোগ স্থাপন করে। সেখান থেকেই এই ফুটবলারদের সঙ্গে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের যোগাযোগের পথ তৈরি হয়। সুলিভান পরিবারে ফুটবল যেন রক্তের সঙ্গে মিশে আছে। তাদের বাবা ব্রেন্ডান সুলিভান অস্ট্রেলিয়ার এ লিগে ছয় বছরের পেশাদার ক্যারিয়ারে পাঁচটি ক্লাবে খেলেছেন। এর আগে তিনি ইউনিভার্সিটি অফ পেনসিলভ্যানিয়ায় খেলেছেন এবং পরে কোচ হিসেবেও দায়িত্ব পালন করেন। মা হেইকে ডিভিশন ওয়ান পর্যায়ে ফুটবল খেলেছেন এবং একই বিশ্ববিদ্যালয়ের নারী দলের অধিনায়ক ছিলেন।

চার ভাইয়ের মধ্যে কুইন সুলিভান ইতোমধ্যে যুক্তরাষ্ট্রের যুব দলে খেলেছেন এবং ফিলাডেলফিয়া ইউনিয়নের হয়ে মাঠে নামছেন। তার ছোটো ভাই ক্যাভানও যুক্তরাষ্ট্রের যুব আন্তর্জাতিক দলে খেলেন, বলা হয়ে থাকে এই ক্যাভান নাকি এই চার ভাইয়ের মধ্যে সবচেয়ে প্রতিভাবান। বাংলাদেশের হয়ে খেলছেন যমজ ভাই ডেকলান ও রোনান, তারা আমেরিকায় বর্তমানে ওয়াইএসসি একাডেমিতে পড়াশোনা করছেন এবং এমএলএস নেক্সটের সহযোগী ক্লাব এফসি ডেলকোর হয়ে খেলছেন। এই পরিবারের পরিবারের ফুটবল ঐতিহ্য আরও বিস্তৃত। তাদের চাচাতো ভাই ক্রিস অলব্রাইট যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক ফুটবলার ছিলেন এবং ফিলাডেলফিয়া ইউনিয়নের হয়ে খেলেছেন। এছাড়া, তাদের নানা ল্যারি সুলিভান ভিলানোভা বিশ্ববিদ্যালয়ের প্রধান কোচ হিসেবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন।

(বিবিসি ওয়েব পেজ : ০৪.০৪.২০২৬ আলী আহমেদ)

বাইক থেকে নৌযান, জ্বালানি সংকটের অভিযোগ সবখানে

ইরান যুদ্ধের জের ধরে তৈরি হওয়া জ্বালানি সংকটের প্রভাব বাংলাদেশেও পড়তে শুরু করেছে এবং জীবনযাত্রার নানা ক্ষেত্রে প্রভাব দৃশ্যমান হতে শুরু করেছে। গবেষক ও বিশেষজ্ঞরা বলছেন, গ্রামাঞ্চলে বিদ্যুৎ সংকট এর মধ্যেই বেড়েছে। পাশাপাশি শহরের রাইড শেয়ারিং থেকে শুরু করে গ্রামীণ ক্ষেতখামার, পরিবহণ খাত, গ্রাম ও শহরের কর্মসংস্থান- বিভিন্ন ক্ষেত্রে জ্বালানি সংকটের প্রভাব পড়তে শুরু করেছে। তারা বলছেন, ধানের ফুল আসার এ সময়ে সেচ না দেওয়ার কারণে পানির ঘাটতি হলে সামনে সংকট তীব্রতর হওয়ার আশঙ্কা আছে, যদিও বৃষ্টি হওয়ার কারণে কিছুটা স্বস্তি এসেছে কৃষকদের মধ্যে। আবার, কোনো কারণে ডিজেলের ঘাটতি দীর্ঘায়িত হলে কৃষকের সেচের পাম্প ছাড়াও সংকট হতে পারে গণপরিবহণ ও পণ্য পরিবহণের ক্ষেত্রেও। এর মধ্যেই কিছু এলাকায় পণ্যবাহী ট্রাকগুলো পর্যাপ্ত ডিজেল পাচ্ছে না বলেও খবর পাওয়া যাচ্ছে। যদিও সরকার বলছে, ডিজেলের সংকটের কোনো আশঙ্কা নেই এবং সরকারি হিসেবে শুক্র ও আজ শনিবার নতুন করে প্রায় ৬১ হাজার টন ডিজেল চট্টগ্রাম বন্দরে এসে পৌঁছেছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মুখপাত্র মনির হোসেন চৌধুরী বলেছেন, এপ্রিল মাসে জ্বালানির কোনো সংকট হবে না- এটি তারা নিশ্চিত।

কিন্তু প্রভাব কেমন দেখা যাচ্ছে

ঢাকাসহ দেশের বিভিন্ন জায়গায় পেট্রোল পাম্পগুলোতে জ্বালানি তেলের জন্য দীর্ঘ লাইন প্রতিদিনই দেখা যাচ্ছে। বরং মোটরসাইকেল ও গাড়ি নিয়ে তেলের জন্য অপেক্ষমাণ চালকদের লাইন দীর্ঘতর হচ্ছে। আবার ঢাকার বাইরে থেকে পণ্য পরিবহণেও সংকটের অভিযোগ পাওয়া যাচ্ছে। ছোটো-বড়ো পণ্যবাহী যান্ত্রিক নৌযানও একই ধরনের সমস্যায় পড়েছে বলে খবর আসছে। বিশেষ করে মালবাহী ট্রলারগুলো পর্যাপ্ত ডিজেল পাচ্ছে না বলেও অভিযোগ উঠছে। ঢাকায় রাইড শেয়ারে বাইক চালান বনশ্রীর মোহাম্মদ শাহাব উদ্দিন। শনিবার ঢাকার গুলশানে যাত্রী নামানোর পর তিনি জানান, স্বাভাবিক সময়ে ৭/৮ ঘণ্টা বাইকে অ্যাপের মাধ্যমে যাত্রী পরিবহণ করে তিনি যে আয় করতেন, এখন সেই একই পরিমাণ আয় হচ্ছে না ১৫ ঘণ্টাতেও। "আগে পাম্পে গিয়ে চাহিদা অনুযায়ী তেল নিতাম। এখন খুঁজতে হয় কোন পাম্পে তেল দিচ্ছে। আপনি দেখেন বাইকই কমে গেছে রাস্তায়। কারণ ঘণ্টার পর ঘণ্টা তো চলে যাচ্ছে তেলের জন্যই," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। এবার যুদ্ধ শুরুর পর পর সরকার যে রেশনিং পদ্ধতি চালু করেছিল, তাতে

মোটরসাইকেল চালকদের একবারে দুশো টাকার তেল দেওয়া হতো। পরে মহানগর এলাকায় রাইড শেয়ার করা মোটরসাইকেলের জন্য এটি বাড়িয়ে দিনের সীমা সর্বোচ্চ পাঁচ লিটার করা হয়। ওদিকে, শহরে রাইড শেয়ারের মতো তেলের সংকট তৈরি হয়েছে দেশের গ্রামীণ কৃষিখাতে ও পণ্য পরিবহণের ক্ষেত্রে। বিশেষ করে এখন বোরো ধানের জন্য সেচ জরুরি হলেও অনেক জায়গাতেই সেচ পাম্পের জন্য ডিজেল মিলছে না।

মাগুরার কৃষক সুজন দাস বিবিসি বাংলাকে বলছেন, সামনে যারা পাট চাষের জন্য প্রস্তুতি নিচ্ছে, তারাও প্রয়োজনীয় ডিজেলের অভাবে আশঙ্কায় পড়েছে। "আমরা ডিজেলের জন্য পাম্পে যাচ্ছি। সামনে পাট চাষ করতে হবে। বিঘার পর বিঘা জমি আমাদের। অথচ এখন পাম্পে গেলে ১০ লিটার ডিজেল দেয়। সেচের জন্য ডিজেল না পেলে চাষ করতে পারবো না। তেল থাকার খবর পেলেই সেখানে যাচ্ছি। কিন্তু বাড়তি দামেও কেনা যাচ্ছে না," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। আবার রাজশাহীর বানেশ্বরের আমচাষী জিল্লুর রহমান বলছেন, প্রয়োজনীয় ডিজেল না পাওয়ায় তিনিসহ তার এলাকার অনেক চাষিই আমগাছে দরকারি স্প্রে করতে পারেননি। "আপনার গাছগুলো দেখে যান। গাছে স্প্রে করতে হয় এই সময়টায়। কিন্তু আমরা পারিনি। সব নষ্ট হচ্ছে। এবার আমের ফলন খুবই কম হয়ে যাবে," বলেছেন মি. রহমান। ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া উপজেলার রাণীখার গ্রামের দক্ষিণবিলে সেচ পাম্প চালান একই গ্রামের বাসিন্দা সৈয়দ ফোরকান। তিনি জানান, বাড়ির কাছের ধরখার বা তন্তর বাজারের বেশিরভাগ ডিজেলের দোকান এখন বন্ধ থাকে। যেগুলো খোলা থাকে, সেগুলোতে চাহিদামতো তেল পাই না। গত পুরো সপ্তাহে তিনি একাধিকবার বাজারে গিয়েও তেল পাননি দাবি করে বলেন, "আখাউড়ার মোগড়া বাজারে গিয়ে ১২ লিটার চাহিদার বিপরীতে পেয়েছি মাত্র পাঁচ লিটার। তবে এর জন্য প্রতি লিটারে অতিরিক্ত ২০ টাকা গুনতে হয়েছে।" পাশের গ্রাম ঘোলখারের কৃষক হেলাল মিয়া বলেন, "ডিজেলের জন্য প্রতিদিন এক বাজার থেকে আরেক বাজারে ঘুরছি। কিন্তু পর্যাপ্ত পরিমাণ ডিজেল সংগ্রহ করতে পারছি না।" তিনি জানান, এই সময়টা ধানের দানা গঠনের সময়। এসময়ে সেচ অব্যাহত না রাখলে ফসলের মারাত্মক ক্ষতি হতে পারে। তবে কিছু কিছু এলাকায় ডিজেলচালিত সেচের বদলের বিদ্যুৎ ব্যবহার করে সেচের কাজ করার চেষ্টা চলছে। যশোর অঞ্চল শাক সবজিসহ নানা ফলনের জন্য সুপরিচিত। ওই জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মো. মোশাররফ হোসেন বলছেন, সেচের জন্য ডিজেলের ব্যবস্থা তারা করছেন। "সেচ কার্যক্রমে আপাতত কোনো সমস্যা নেই। বিদ্যুৎচালিত সেচ পাম্প আছে এবং সব পাম্পে লোক রাখা হয়েছে। আশা করি সমস্যা হবে না," বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

গবেষক ও বিশেষজ্ঞরা যা বলছেন

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ও সমাজ গবেষক অধ্যাপক তুহিন ওয়াদুদ বলছেন, প্রত্যন্ত অঞ্চলেও জ্বালানি সংকটের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব দেখা যেতে শুরু করেছে। "বৃষ্টি হওয়ায় হয়ত সংকট তীব্র হয়নি। কিন্তু আর কিছুদিন পর যখন পানির চাহিদা আরও বাড়বে, তখন সংকট তীব্র আকার ধারণ করতে পারে। সেচ সুবিধা স্বাভাবিক না হলে এর প্রভাব পড়বে কৃষি অর্থনীতিতে," বিবিসি বাংলাকে বলেছেন তিনি। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. হুমায়ুন কবির বলছেন, পরিস্থিতির উত্তরণ না হলে কৃষি কর্মসংস্থানে প্রভাব পড়ার আশঙ্কা রয়েছে। "আর সেটি হলে সেবাখাতসহ সব সেক্টরই ক্ষতিগ্রস্ত হবে," বলেছেন মি. কবির। ওই বিশ্ববিদ্যালয়েরই গ্রামীণ সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মো. ওয়াকিলুর রহমান বলছেন, সরকার কিছু উদ্যোগ নিয়েছে এবং গত কয়দিন কিছু বৃষ্টিপাত হওয়ার সুফল পাওয়া যাবে। "কিন্তু এরপরেও পানির ঘাটতি হলে কৃষির ক্ষতি হবে। যদিও আশা করি আমাদের কৃষকরা পূর্ব অভিজ্ঞতার ভিত্তিতে এটি ম্যানেজ করবে এবং সেচ ব্যবস্থা চলমান থাকবে। কমিউনিটি লেভেলের ট্রাস্টকে কাজে লাগিয়ে শস্যকে রক্ষা করতে হবে," বিবিসি বাংলাকে বলেছেন মি. রহমান।

প্রসঙ্গত, জ্বালানি সংকটজনিত পরিস্থিতি মোকাবিলায় সরকার অফিসের সময় এক ঘণ্টা কমিয়ে সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত করার সিদ্ধান্ত নিয়েছে। একইসঙ্গে ব্যাংক লেনদেন সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত এবং দোকানপাট ও শপিংমলসহ ব্যবসা প্রতিষ্ঠান সন্ধ্যা ৬টা পর্যন্ত খোলা রাখা যাবে বলে জানিয়েছে সরকার। এছাড়া জ্বালানি, বিদ্যুৎ ও গ্যাস খাতে সরকারি ব্যয় ৩০ শতাংশ কমানোর সিদ্ধান্তও সরকার নিয়েছে। সেইসাথে, বিয়ে বা উৎসবে কোনো আলোকসজ্জা করা যাবে না বলে সরকার বলেছে। গত ২ এপ্রিল সংসদে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ বলেছেন, দেশের বর্তমান পরিস্থিতিতে চাহিদা অনুযায়ী বিদ্যুতের কোনো ঘাটতি নেই। তবে গ্রীষ্মকালে সর্বোচ্চ চাহিদার সময়ে প্রাথমিক অন্যান্য কারণসহ জ্বালানির ঘাটতির কারণে মাঝে মাঝে বিদ্যুৎ বিভ্রাট দেখা দিতে পারে। এ সময় চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ করা সব সময় সম্ভব নাও হতে পারে। তবে জ্বালানি সরবরাহ স্বাভাবিক রাখতে বাংলাদেশ সরকার বিকল্প উৎস থেকেও আমদানি বাড়ানোর চেষ্টা করছে বলে জানিয়েছে। ইতোমধ্যে মালয়েশিয়া, ইন্দোনেশিয়া এবং কাজাখস্তান থেকে জ্বালানি আমদানির উদ্যোগ নেওয়া হয়েছে বলে গত বৃহস্পতিবার জানান মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি।(বিবিসি ওয়েব পেজ : ০৪.০৪.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্রের ক্রু সদস্যকে আটক করতে পারা হবে ইরানের জন্য 'বড়ো পুরস্কার'

গুলি করে ভূপাতিত করা যুক্তরাষ্ট্রের যুদ্ধবিমানের ক্রু সদস্যকে আটক করতে পারা ইরানের জন্য 'বড়ো পুরস্কার' হবে বলে মন্তব্য করেছেন মার্কিন একজন বিশেষজ্ঞ। রেডিও ৪-এর টুডে অনুষ্ঠানে কথা বলতে গিয়ে চ্যাথাম হাউসের যুক্তরাষ্ট্র ও উত্তর আমেরিকা বিষয়ক কর্মসূচির পরিচালক লরেল র্‍্যাপ বলেছেন, ভূপাতিত জেট থেকে নিখোঁজ ক্রু

সদস্যকে উদ্ধার করা "একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ মিশন"। তিনি বলেন, ওই মার্কিন ক্রু সদস্যকে আটক করতে পারলে তা ইরানের জন্য হবে "বড়ো এক পুরস্কার," যা তাদের হাতে তুলে দেবে "খুবই শক্তিশালী দরকষাকষির হাতিয়ার"। র‌্যাপ আরও বলেন, যদি তাকে আটক করা হয় এবং তার কোনো ছবি প্রকাশ করা হয়, তবে তা যুক্তরাষ্ট্রের জনগণের দৃষ্টিতে ইতোমধ্যেই অজনপ্রিয় যুদ্ধটিকে আরও নেতিবাচকভাবে উপস্থাপন করতে পারে। "যদি এমন ছবি প্রকাশিত হয়, তাহলে সেগুলো মার্কিন দৃষ্টিভঙ্গিতে নাটকীয় পরিবর্তন আনতে পারে।" তিনি বলেন, ওই সার্ভিস সদস্য আটক হলে ঝুঁকি হচ্ছে- সংঘাত কমানোর যে-কোনো উদ্যোগ এ বার্তা দিতে পারে যে, কাউকে জিম্মি করা হলে তা কার্যকরভাবে চাপ সৃষ্টি করতে পারে। "এ মুহূর্তে এই অভিযানের লক্ষ্য স্পষ্ট নয় এবং ক্রমেই জটিল হয়ে উঠছে," যোগ করেন র‌্যাপ।(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৪.২০২৬ এলিনা)

## নিখোঁজ মার্কিন বিমান সেনার সন্ধান যুক্তরাষ্ট্রের জন্য ঝুঁকিপূর্ণ মুহূর্ত

এটি ঝুঁকিপূর্ণ এক মুহূর্ত। নিখোঁজ ক্রু সদস্যকে উদ্ধারে যুক্তরাষ্ট্রের যে অভিযান চলছে, তা ঝুঁকিপূর্ণ। যদিও তারা বহু বছর ধরে এ ধরনের পরিস্থিতির জন্য প্রস্তুতি নিয়ে এসেছে। এটি রাজনৈতিকভাবেও জটিল এক পরিস্থিতি। ইরান যদি এই বিমান সেনাকে খুঁজে পায় এবং তাকে টেলিভিশনে প্রকাশ্যে দেখায়, তা হলে তেহরানের জন্য হবে এক প্রচারণাগত সাফল্য আর যুক্তরাষ্ট্রের জন্য রাজনৈতিক লজ্জা ও উদ্বেগের কারণ। এর পাশাপাশি, তেহরানের হাতে একজন যুদ্ধ বন্দি চলে আসবে, যিনি হবেন দরকষাকষির একটি হাতিয়ার। এটি এমন সময়ে হতে পারে, যখন এই যুদ্ধ শেষ করার প্রচেষ্টা ইতোমধ্যেই স্থবির, যদিও মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প উল্লেখযোগ্য অগ্রগতির দাবি করে আসছেন। এটি এমন এক মুহূর্ত, যা যুক্তরাষ্ট্রের সামরিক অভিযান যার নাম- এপিক ফিউরি, সেটাকে বাস্তব অর্থ দিতে পারে। যখন প্রতিশোধ নেওয়া হবে, তা ইরান, মধ্যপ্রাচ্য অঞ্চল এবং আগেই অর্থনৈতিক ধাক্কায় নড়বড়ে হয়ে থাকা বিশ্বের জন্য ঝুঁকিপূর্ণ হবে। পাঁচ সপ্তাহের যুদ্ধের পর যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানের সামরিক সক্ষমতায় উল্লেখযোগ্য ক্ষতি করেছে। কিন্তু মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ বারবার ঘোষণা করছিলেন যে, তারা "আকাশে সম্পূর্ণ আধিপত্য" প্রতিষ্ঠা করেছেন। সেই দাবি এখন ভেঙে পড়েছে।(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৪.২০২৬ এলিনা)

## ইরান যুদ্ধ শুরুর পর ৩৬৫ মার্কিন সেনা আহত : পেন্টাগন

মার্কিন প্রতিরক্ষা দপ্তর পেন্টাগনের প্রকাশিত তথ্যানুযায়ী, যুক্তরাষ্ট্র-ইসরায়েল ও ইরানের মধ্যে যুদ্ধ শুরুর পর থেকে এখন পর্যন্ত মোট ৩৬৫ জন মার্কিন সেনা অভিযানে আহত হয়েছে। তাদের মধ্যে সেনাবাহিনীর ২৪৭ জন, নৌবাহিনীর ৬৩ জন, মেরিন্সের ১৯ জন, বিমান বাহিনীর ৩৬ জন রয়েছেন। তথ্য অনুযায়ী, নিহতের সংখ্যা ১৩ জনেই স্থির রয়েছে। (বিবিসি ওয়েব পেজ: ০৪.০৪.২০২৬ এলিনা)

## উপসাগরীয় দেশগুলোতে তেজস্ক্রিয় বিকিরণ 'জীবন ধ্বংস করবে' : ইরানের পররাষ্ট্রমন্ত্রী

বুশেহর পারমাণবিক কেন্দ্রের কাছে হামলার ঘটনায় কড়া প্রতিক্রিয়া জানিয়েছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। সামাজিক মাধ্যমে তিনি লিখেছেন, "ইউক্রেনের জাপোরিঝিয়া পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের কাছে সংঘাত নিয়ে পশ্চিমাদের সেই ক্ষোভের কথা মনে আছে? ইসরায়েল এবং যুক্তরাষ্ট্র এখন পর্যন্ত আমাদের বুশেহর কেন্দ্রে চারবার বোমা হামলা চালিয়েছে।" আরাঘচি আরও সতর্ক করে বলেন যে, এই ধরনের হামলার ফলে সৃষ্ট তেজস্ক্রিয় বিকিরণ বা 'রেডিওঅ্যাকটিভ ফলআউট' তেহরানের চেয়ে গাল্ফ কো-অপারেশন কাউন্সিল বা জিসিসি সদস্যভুক্ত দেশগুলোর রাজধানীতে প্রাণের অস্তিত্ব শেষ করে দেবে। তিনি দাবি করেন, ইরানের পেট্রো কেমিক্যাল শিল্পে হামলা চালানোর মাধ্যমে আক্রমণকারীদের আসল উদ্দেশ্যই এখন পরিষ্কার হয়ে গেছে। উল্লেখ্য, পারস্য উপসাগরীয় দেশগুলোর জন্য এই তেজস্ক্রিয়তা বড়ো ধরনের হুমকি হতে পারে বলে আরাঘচি ইঙ্গিত দিয়েছেন। তবে এই হামলার বিষয়ে এখন পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্র বা ইসরায়েলের পক্ষ থেকে কোনো আনুষ্ঠানিক স্বীকৃতি বা মন্তব্য পাওয়া যায়নি।
(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৪.২০২৬ এলিনা)

## সামরিক অভিযানে 'সর্বোচ্চ সংযম' প্রদর্শনের আহ্বান আইএইএ'র

আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা বা আইএইএ জানিয়েছে যে, ইরানের বুশেহর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের কাছাকাছি এক হামলার খবর তারা পেয়েছে এবং এ ঘটনায় তারা "গভীর উদ্বেগ" প্রকাশ করেছে। এক্স সামাজিক যোগাযোগমাধ্যমে সংস্থাটি লিখেছে, "তেজস্ক্রিয়তার মাত্রা বৃদ্ধির কোনো খবর পাওয়া যায়নি"। আইএইএ আরও জানিয়েছে যে, পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র ও এর আশপাশের এলাকা "কখনও আক্রমণের লক্ষ্যবস্তু হওয়া উচিত নয়"। তারা পারমাণবিক দুর্ঘটনা রোধে সামরিক অভিযানে "সর্বোচ্চ সংযম" প্রদর্শনের আহ্বান জানিয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৪.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্রের ক্রু সদস্যকে গ্রেফতারের খবর অস্বীকার করল ইরান, পাইলট উদ্ধারের তথ্যও নাকচ

ইরানের দক্ষিণাঞ্চলীয় কোহগিলুইয়েহ ও বোয়ের-আহমাদ প্রদেশে ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর বা আইআরজিসি'র একটি উপ-ইউনিট এবং একই প্রদেশের গভর্নর- উভয়েই যুক্তরাষ্ট্রের দ্বিতীয় ক্রু সদস্যকে গ্রেফতার করার খবর অস্বীকার করেছেন। এছাড়া, প্রথম পাইলটকে যুক্তরাষ্ট্র উদ্ধার করেছে- এই দাবিও অস্বীকার করেছেন গভর্নর এবং একে তিনি "শত্রুর কৌশল" বলে অভিহিত করেছেন। ইরানের রাষ্ট্র নিয়ন্ত্রিত চ্যানেলগুলো নাগরিকদের প্রতি

আহ্বান জানিয়েছে যেন তারা "পাইলটকে জীবিত ধরে" এবং এর জন্য পুরস্কারও ঘোষণা করেছে। ইরানি গণমাধ্যম প্রায় ৫০,০০০ পাউন্ড (৬৬,১০০ ডলার) পর্যন্ত পুরস্কারের খবর প্রকাশ করেছে, যা দেশের আনুমানিক মাসিক আয়ের সীমা ১৫০ থেকে ২৩৩ পাউন্ডের তুলনায় অত্যন্ত বেশি। (বিবিসি ওয়েব পেজ: ০৪.০৪.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালি নিয়ে নিরাপত্তা পরিষদের ভোট আজও হচ্ছে না

জাতিসংঘ নিরাপত্তা পরিষদে হরমুজ প্রণালি সংক্রান্ত একটি প্রস্তাবের ওপর যে ভোটাভুটি হওয়ার কথা ছিল, তা আপাতত স্থগিত করা হয়েছে। জাতিসংঘের একজন কর্মকর্তা বিবিসিকে নিশ্চিত করেছেন যে, পূর্ব পরিকল্পনা অনুযায়ী শনিবার এই ভোট হচ্ছে না। এই ভোটাভুটির জন্য নতুন কোনো তারিখ এখনো আনুষ্ঠানিকভাবে নির্ধারণ করা হয়নি বলে জানিয়েছেন জাতিসংঘের মুখপাত্র স্টিফেন ডুজারিক। জাতিসংঘ নিরাপত্তা পরিষদের বর্তমান সভাপতি দেশ বাহরাইন এই প্রস্তাবটি উত্থাপন করেছে। যেখানে বলা হয়েছে, হরমুজ প্রণালিতে নৌযান চলাচল নিরাপদ রাখতে সদস্য রাষ্ট্রগুলোকে "প্রয়োজনীয় এবং পরিস্থিতির সাথে সামঞ্জস্যপূর্ণ সকল প্রতিরক্ষামূলক ব্যবস্থা" গ্রহণের অনুমতি দেওয়া হোক। যার মেয়াদ প্রাথমিকভাবে অন্তত ছয় মাস স্থায়ী হবে। এর আগে, শুক্রবার জাতিসংঘের একজন মুখপাত্র বিবিসিকে জানিয়েছিলেন যে, ৩ এপ্রিলের নির্ধারিত ভোটটি সদস্যদের সিদ্ধান্তে পিছিয়ে ৪ এপ্রিল পুনর্নির্ধারণ করা হয়েছিল।(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৪.২০২৬ এলিনা)

## ইরানকে ৪৮ ঘণ্টার মধ্যে চুক্তি করতে ট্রাম্পের হুঁশিয়ারি

আগামী ৪৮ ঘণ্টার মধ্যে হয় কোনো "চুক্তি" করতে হবে অথবা 'হরমুজ প্রণালি' উন্মুক্ত করে দিতে হবে; অন্যথায় ইরানের ওপর "জাহান্নাম নেমে আসবে" বলে হুঁশিয়ারি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নিজের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম ট্রুথ সোশ্যাল-এ এক পোস্টে লিখেছেন, "মনে আছে, আমি ইরানকে একটি চুক্তি করার জন্য অথবা হরমুজ প্রণালি খুলে দেওয়ার জন্য ১০ দিন সময় দিয়েছিলাম? সময় শেষ হয়ে আসছে।" তিনি আরও যোগ করেন, "আর মাত্র ৪৮ ঘণ্টা, এরপরই তাদের ওপর দোজখের আগুন নেমে আসবে। এই পোস্টের কিছুক্ষণ আগে দেওয়া অন্য একটি বার্তায় মার্কিন অর্থনীতিতে শুল্ক আরোপের সুফল নিয়ে কথা বলেন মার্কিন প্রেসিডেন্ট। যেখানে ট্রাম্প দাবি করেন যে, একটি "পারমাণবিক শক্তিহীন ইরান" গড়ে তোলার লক্ষ্যে তিনি কাজ করছেন।(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৪.২০২৬ রনি)

## নতুন আকাশ প্রতিরক্ষা ব্যবস্থায় মার্কিন যুদ্ধবিমান ভূপাতিত করার দাবি ইরানের

ইরানের শীর্ষ যৌথ সামরিক কমান্ড দাবি করেছে যে, শুক্রবার দুটি মার্কিন যুদ্ধবিমান ভূপাতিত করার পেছনে তাদের অত্যাধুনিক ও নতুন আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা কাজ করেছে। ইরানের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা ইরনা এই তথ্য নিশ্চিত করেছে। ইরান দাবি করেছে যে, তারা শুক্রবার দুটি মার্কিন যুদ্ধবিমান ভূপাতিত করেছে। যার একটি ইরানের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের আকাশে উড়তে থাকা এ-১৫ই। আর দ্বিতীয়টি এ-১০ ওয়ারথগ, যা প্রথম বিমানের ক্রুদের উদ্ধার অভিযানে অংশ নিয়েছিল। ইরানের প্রতিবেদন অনুযায়ী, সামরিক মুখপাত্র ইব্রাহিম জুলফিকারি বলেছেন, শুক্রবারের এই ঘটনা যুক্তরাষ্ট্র এবং ইসরায়েলের জন্য একটি "চরম অপমান"। তিনি এই সফলতার কৃতিত্ব দিয়েছেন ইরানের সম্পূর্ণ "নিজস্ব প্রযুক্তিতে তৈরি" নতুন আকাশ প্রতিরক্ষা ব্যবস্থাকে। জুলফিকারি আরও যোগ করেন যে, এই নতুন প্রতিরক্ষা ব্যবস্থাগুলো এখন "একের পর এক" মোতায়েন করা হচ্ছে। যার ফলে ইরান অচিরেই "দেশের আকাশসীমায় পূর্ণ নিয়ন্ত্রণ অর্জন করবে"। যদিও এখন পর্যন্ত বিমান ভূপাতিত হওয়ার বিস্তারিত তথ্য আনুষ্ঠানিকভাবে নিশ্চিত করেনি মার্কিন সেন্ট্রাল কমান্ড বা সেন্টকম।(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৪.২০২৬ রনি)

# ডয়চে ভেলে

## ইউক্রেনে রুশ বিমান হামলায় নিহত অন্তত ১৪

বৃহস্পতিবার রাত থেকে শুক্রবার সারাদিন ধরে রাশিয়ার ব্যাপক বিমান হামলায় ইউক্রেনে অন্তত ১৪ জন নিহত হয়েছে। ইউক্রেন কর্তৃপক্ষ বলছে, রাশিয়া "নতুন কৌশল" ব্যবহার করছে। ইউক্রেনের দ্বিতীয় বৃহত্তম শহর খারকিভে বৃহস্পতিবার রাত ও শুক্রবার সকালে একের পর এক হামলা চলে। রাশিয়ার সীমান্ত থেকে মাত্র ৪০ কিলোমিটার দূরে অবস্থিত এই শহরে রাতভর চারটি রকেট হামলা এবং কমপক্ষে ২০টি ড্রোন হামলা হয়েছে। খারকিভে আটজন নিহত হয়েছে। ইউক্রেনের বিমানবাহিনী জানিয়েছে, বৃহস্পতিবার রাত থেকে রাশিয়া মোট ৫৪২টি ড্রোন এবং ৩৭টি ক্ষেপণাস্ত্র ছুড়েছে। বিমান প্রতিরক্ষা ব্যবস্থা ৫১৫টি ড্রোন এবং ২৬টি ক্ষেপণাস্ত্র ভূপাতিত করেছে। রাশিয়া জেট ইঞ্জিন লাগানো ইরানি নির্মিত শাহেদ ড্রোন ব্যবহার করছে, যা অত্যন্ত দ্রুতগতিতে লক্ষ্যে পৌঁছায় বলে ভূপাতিত করা কঠিন। ইউক্রেনীয় প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি রাশিয়ার এই হামলাকে "ইস্টার উসকানি" বলে অভিযোগ করেছেন। তিনি বলেছেন, ইস্টারের ঠিক আগে রাশিয়া হামলা বাড়িয়েছে। জেলেনস্কি জানিয়েছেন, পূর্ব ইউক্রেনের ১,২০০ কিলোমিটার দীর্ঘ ফ্রন্টলাইনে পরিস্থিতি মূলত স্থিতিশীল এবং ইউক্রেনের মতে অবস্থা "কিছুটা ইতিবাচক"। রাশিয়া ইউক্রেনের প্রায় ২০ শতাংশ ভূখণ্ড নিয়ন্ত্রণ করছে। রাশিয়ার পূর্ণাঙ্গ আগ্রাসনের আজ ১,৫০০তম দিন।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৪.২০২৬ রুবাইয়া)

### মার্কিন যুদ্ধবিমান ভূপাতিতের দাবি ইরানের

যুদ্ধ শুরুর প্রায় পাঁচ সপ্তাহ পর প্রথমবারের মতো ইরানে মার্কিন যুদ্ধবিমান ভূপাতিত হয়েছে। দুটি ঘটনায় দুই মার্কিন বিমান বিধ্বস্ত হওয়ার পর এক সেনা সদস্যকে উদ্ধার করা হয়েছে এবং অন্তত একজন নিখোঁজ রয়েছেন। মার্কিন কর্মকর্তারা জানিয়েছেন, একটি ফাইটার জেট ইরানে গুলিবিদ্ধ হয়ে পড়ে। ওই বিমানের একজন ক্রু সদস্যকে উদ্ধার করা হলেও, আরেকজন নিখোঁজ রয়েছেন। উদ্ধার অভিযান চলছে। আরেকটি ঘটনায়, ইরানি প্রতিরক্ষা বাহিনীর আঘাতে পারস্য উপসাগরে একটি মার্কিন এ-১০ আক্রমণ বিমান বিধ্বস্ত হয়েছে বলে ইরানি গণমাধ্যম জানিয়েছে। তবে মার্কিন কর্মকর্তারা বলেছেন, বিমানটি বিধ্বস্ত হয়েছে, নাকি গুলিবিদ্ধ হয়েছে, তা স্পষ্ট নয়। এর মাত্র দু-দিন আগে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জাতির উদ্দেশ্যে ভাষণে বলেছিলেন, আমেরিকা ইরানকে "পরাজিত ও সম্পূর্ণভাবে ধ্বংস করেছে।" ষষ্ঠ সপ্তাহে প্রবেশ করা এই যুদ্ধ বিশ্বব্যাপী অর্থনীতি অস্থিতিশীল করছে। মার্কিন ও ইসরায়েলি হামলার জবাবে ইরান উপসাগরীয় অঞ্চলের জ্বালানি অবকাঠামোতে হামলা করছে এবং হরমুজ প্রণালি দিয়ে তেল ও গ্যাস পরিবহণ বন্ধ করে দিচ্ছে। পেন্টাগনের তথ্য অনুযায়ী, এ পর্যন্ত ১৩ মার্কিন সেনা সদস্য নিহত এবং ৩৬৫ জন আহত হয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৪.২০২৬ রুবাইয়া)

## এনএইচকে

### ইরানে একটি মার্কিন এফ-১৫ বিমান ভূপাতিত হয়েছে বলে খবরে প্রকাশ

প্রাপ্ত খবর অনুযায়ী, ইরানি সেনারা একটি মার্কিন সামরিক যুদ্ধবিমানকে ভূপাতিত করেছে। গণমাধ্যম মার্কিন কর্মকর্তাদের বরাত দিয়ে জানিয়েছে, বিমানটির দুই ক্রু সদস্যের মধ্যে একজনকে উদ্ধার করা হয়েছে। ইরানের তাসনিম নিউজ এজেন্সি শুক্রবার ধ্বংসাবশেষের কিছু ছবি প্রকাশ করেছে। হোয়াইট হাউস এখনও কোনো মন্তব্য করেনি, তবে মার্কিন গণমাধ্যম মার্কিন কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে জানিয়েছে যে, বিমানটি একটি এফ-১৫ ছিল। জানা গেছে, সংঘাত শুরু হওয়ার পর এই প্রথম ইরানের আকাশে একটি মার্কিন যুদ্ধবিমান গুলি করে ভূপাতিত করা হলো। পৃথক একটি ঘটনায়, দ্য নিউ ইয়র্ক টাইমস জানিয়েছে যে, হরমুজ প্রণালির কাছে মার্কিন সেনাবাহিনীর একটি এ-১০ যুদ্ধবিমান বিধ্বস্ত হয়েছে এবং এর একমাত্র ক্রু সদস্যকে উদ্ধার করা হয়েছে। ওদিকে, শুক্রবার ইরানের গণমাধ্যম জানিয়েছে, উত্তর তেহরানের একটি বিশ্ববিদ্যালয় হামলায় ক্ষতিগ্রস্ত হয়েছে। ওয়াল স্ট্রিট জার্নাল বৃহস্পতিবার জানিয়েছে যে, মার্কিন সেনাবাহিনীর সম্ভাব্য স্থল অভিযানের পরিপ্রেক্ষিতে ইরান একটি গণনিয়োগ অভিযান শুরু করছে। শুক্রবার ফরাসি গণমাধ্যম জানিয়েছে, মাল্টার পতাকাবাহী একটি ফরাসি মালিকানাধীন কন্টেইনার জাহাজ হরমুজ প্রণালি অতিক্রম করেছে। ধারণা করা হচ্ছে, ইরানের কার্যকর অবরোধ চলাকালে কোনো বড়ো ইউরোপীয় জাহাজ সংস্থার জন্য এই গুরুত্বপূর্ণ জলপথ দিয়ে এটিই প্রথম অতিক্রমের ঘটনা যা জানা গেছে।
(এনএইচকে ওয়েব পেজ: ০৪.০৪.২০২৬ রনি)

## জাগো নিউজ

### কেরানীগঞ্জে অগ্নিকাণ্ডে হতাহতের ঘটনায় প্রধানমন্ত্রীর শোক

ঢাকার কেরানীগঞ্জের কদমতলীতে গ্যাসলাইটার কারখানায় আগুনে হতাহতের ঘটনায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। দুর্ঘটনার খবর জানার পরপরই স্বাস্থ্যমন্ত্রী, স্থানীয় সংসদ সদস্য, জেলা প্রশাসক, ফায়ার সার্ভিসের মহাপরিচালকসহ সংশ্লিষ্টদের সঙ্গে মোবাইল ফোনে কথা বলেন প্রধানমন্ত্রী। দুর্ঘটনায় আহতদের সুচিকিৎসার ব্যবস্থা করতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন তিনি। শনিবার (৪ এপ্রিল, ২০২৬) এক বিবৃতিতে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, এটি অত্যন্ত বেদনাদায়ক ঘটনা। এই প্রাণহানির ক্ষতি অপূরণীয়। প্রেস সচিব সালেহ শিবলী স্বাক্ষরিত বিবৃতিতে প্রধানমন্ত্রী হতাহতদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা ও নিহতদের আত্মার মাগফেরাত কামনা করেন। পাশাপাশি, তদন্তের মাধ্যমে দুর্ঘটনার কারণ অবিলম্বে খুঁজে বের করে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির নির্দেশ দেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

### দেশে প্রথমবারের মতো বেসরকারি খাত উপদেষ্টা পরিষদ গঠন প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী তারেক রহমান দেশে প্রথমবারের মতো বেসরকারি খাত উপদেষ্টা পরিষদ গঠন করেছেন। এর মাধ্যমে দেশের ব্যবসায়ী প্রতিনিধিরা ব্যবসা ও বিনিয়োগের পরিবেশ এবং সংস্কারের ক্ষেত্রে অগ্রাধিকার বিষয়ে সরকারের সর্বোচ্চ পর্যায়ে সময়োপযোগী ও কাঠামোবদ্ধ মতামত দিতে পারবেন। শনিবার (৪ এপ্রিল) প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে তার কার্যালয়ে পরিষদের প্রথম সভা হয়। প্রধানমন্ত্রীর নির্বাচন করা পরিষদের সদস্যরা হলেন- এসিআই পিএলসির ব্যবস্থাপনা পরিচালক ড. আরিফ দৌলা, এপেক্স ফুটওয়্যার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ নাসিম মঞ্জুর, রানার গ্রুপের চেয়ারম্যান হাফিজুর রহমান খান, প্রাণ-আরএফএল গ্রুপের চেয়ারম্যান ও সিইও আহসান খান চৌধুরী, বে গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক জিয়াউর রহমান, ইনসেপ্টা গ্রুপের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক আবদুল মুকতাদির, ডিবিএল গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক মো. আবদুল জাব্বার, যাঁংগস গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক সোহানা রউফ চৌধুরী এবং প্যাসিফিক জিন্স গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মোহাম্মদ তানভীর।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## ৫ বছরের কম বয়সি সব শিশু পাবে, আগে নেওয়া থাকুক বা না থাকুক : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন জানিয়েছেন, হাম-রুবেলা টিকাদান কার্যক্রমের আওতায় ছয় মাস থেকে ৫৯ মাস বয়সি সব শিশুকে অন্তর্ভুক্ত করা হচ্ছে, তারা আগে টিকা নিয়ে থাকুক বা না থাকুক। তিনি বলেন, শিশুদের টিকাদান কার্যক্রম জোরদারে সরকার কাজ করছে। শনিবার (৪ এপ্রিল) মন্ত্রণালয়ের সভাকক্ষে জরুরি হাম-রুবেলা টিকা কর্মসূচি উদ্বোধন উপলক্ষ্যে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। অতীতে টিকাদানের হার কমে আসার বিষয়ে তদন্ত করা হবে কি না- এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, অতীতের ব্যর্থতা নিয়ে সময় নষ্ট না করে বর্তমান চ্যালেঞ্জ মোকাবিলায় গুরুত্ব দেওয়া হচ্ছে। আমাকে আমার মানুষকে বাঁচাতে হবে, আমার শিশুদের বাঁচাতে হবে। সরদার মো. সাখাওয়াত হোসেন আরও বলেন, বর্তমানে হাম-রুবেলা টিকাদান কার্যক্রমের আওতায় ছয় মাস থেকে ৫৯ মাস বয়সি সব শিশুকে অন্তর্ভুক্ত করা হচ্ছে, তারা আগে টিকা নিয়ে থাকুক বা না থাকুক। এই ক্যাম্পেইনের মাধ্যমে ঝুঁকিপূর্ণ শিশুদের সুরক্ষা নিশ্চিত করার চেষ্টা চলছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## মার্চে সড়কে নিহত ৬১৯ জন, সবচেয়ে বেশি প্রাণহানি মোটরসাইকেল দুর্ঘটনায়

গত মার্চ মাসে ৬১৬টি সড়ক দুর্ঘটনায় ৬১৯ জন নিহত এবং ১ হাজার ৫৪৮ জন আহত হয়েছেন বলে জানিয়েছে বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতি। সংগঠনটি জানায়, সড়ক, রেল ও নৌ-পথে সর্বমোট ৬৭০টি দুর্ঘটনায় ৬৮২ জন নিহত এবং ১ হাজার ৭৯৬ জন আহত হয়েছেন। এ সময়ে সবচেয়ে বেশি হতাহত হয়েছে মোটরসাইকেল দুর্ঘটনায়। এতে ২৩৭ জন নিহত ও ১৯৭ জন আহত হয়েছেন, যা মোট দুর্ঘটনায় মোট নিহতের ৩৮ দশমিক ৬১ শতাংশ। শনিবার (৪ এপ্রিল) সংগঠনটির মহাসচিব মো. মোজাম্মেল হক চৌধুরীর সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। দেশের জাতীয়, আঞ্চলিক ও অনলাইন সংবাদপত্রে প্রকাশিত সড়ক, রেল ও নৌ-পথের দুর্ঘটনার সংবাদ মনিটরিং করে এ প্রতিবেদন তৈরি করা হয়েছে বলে জানিয়েছে সংগঠনটি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## ভিড় কমেনি তেল পাম্পে, আজও দীর্ঘ লাইন

ইরানে হামলা পাল্টা হামলার জেরে মধ্যপ্রাচ্য জুড়ে যুদ্ধ পরিস্থিতির কারণে বিশ্ববাজারে জ্বালানি তেলের তীব্র সংকট দেখা দিয়েছে। এর প্রভাব পড়েছে বাংলাদেশেও। ইরান যুদ্ধের পর থেকে ধীরে ধীরে সংকট আরও গভীর হচ্ছে। এমন অবস্থায় দেশের পেট্রোল পাম্পগুলোতে তেলের সরবরাহ ঠিক না থাকায় বিভিন্ন পাম্পে বন্ধ রয়েছে যানবাহনে তেল দেওয়া কার্যক্রম। যে-সব পাম্পে তেল বিক্রি কার্যক্রম চলমান রয়েছে, সেগুলোতেও টানা বেশ কিছুদিন যাবৎ তেল সংগ্রহে যানবাহনের দীর্ঘ লাইন লেগে থাকছে। কোনোভাবে ভিড় কমছে না পাম্পগুলোতে। আজও সকাল থেকে রাজধানীর জ্বালানি তেল পাম্পগুলোতে যানবাহনের দীর্ঘ লাইন দেখা গেছে। শনিবার (৪ এপ্রিল) রাজধানীর বিজয় সরণির ট্রাস্ট ফুয়েল স্টেশন, আসাদ গেটের তালুকদার ফিলিং স্টেশন ও সোনার বাংলা ফিলিং স্টেশন ঘুরে যানবাহনের দীর্ঘ লাইন দেখা গেছে। ট্রাস্ট ফুয়েল স্টেশন ঘুরে দেখা গেছে, পাম্পটির সামনে থেকে শুরু করে মহাখালীমুখী সড়কে তেল নিতে আসা যানবাহনের দীর্ঘ লাইন। যানবাহন চালকদের দীর্ঘ সময় অপেক্ষা করে লাইনে দাঁড়িয়ে থাকতে দেখা গেছে। এছাড়াও, তীব্র রোদে মোটরসাইকেল চালকরা লাইনে সারিবদ্ধভাবে গাড়ি রেখে ফুটপাতের ওপরে ছায়াযুক্ত স্থানে তেলের অপেক্ষা করছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## কেরানীগঞ্জে গ্যাস লাইটার কারখানায় আগুন

রাজধানীর কেরানীগঞ্জের কদমতলী গোলচত্বর এলাকায় একটি গ্যাস লাইটার তৈরির কারখানায় আগুন লেগেছে। আগুন নিয়ন্ত্রণে কাজ করছে ফায়ার সার্ভিসের পাঁচটি ইউনিট। শনিবার (৪ এপ্রিল) দুপুর ১টা ১০ মিনিটে এ অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়। বিষয়টি নিশ্চিত করেছেন ফায়ার সার্ভিসের কন্ট্রোল রুম কর্মকর্তা রোজিনা আক্তার। রোজিনা আক্তার বলেন, কেরানীগঞ্জের একটি টিনশেড গ্যাস লাইটার তৈরির কারখানায় আগুনের ঘটনা ঘটেছে। আজ দুপুর ১টা ১০ মিনিটে আগুন লাগে। খবর পেয়ে ১টা ১৬ মিনিটে ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করেন ফায়ারের সদস্যরা। বর্তমানে ফায়ার সার্ভিসের পাঁচটি ইউনিট কাজ করছে। তবে আগুনের সূত্রপাত, ক্ষয়ক্ষতি বা হতাহতের বিষয়ে তাৎক্ষণিকভাবে কোনো তথ্য জানা যায়নি বলেও জানান তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## কোনো এক ব্যক্তির নির্দেশে স্বাধীনতা ঘোষণা হয়নি : মির্জা ফখরুল

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, কোনো এক ব্যক্তির নির্দেশে কিছু হয়নি। সেদিন (১৯৭১ সালে) শেখ মুজিবুর রহমান বন্দি হয়ে পাকিস্তান চলে গিয়েছিলেন। ২৫ মার্চ রাতে পাকিস্তান হানাদার বাহিনীর হামলায় যখন মানুষ কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়েছিলেন, তখন মহান স্বাধীনতার ঘোষণা দেন তৎকালীন মেজর শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান। শনিবার (৪ এপ্রিল) সকালে মহান মুক্তিযুদ্ধের প্রথম সদর দপ্তর হবিগঞ্জের মাধবপুর উপজেলার ঐতিহাসিক তেলিয়াপাড়ায় মুক্তিযোদ্ধা ও জনতার সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সমাবেশে মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, দেশের প্রথম নারী মুক্তিযোদ্ধা স্বাধীনতার ঘোষক শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সহধর্মিণী সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। সেদিন তার

কাছে সেনা সদস্যরা এসে পরামর্শ চেয়েছিলেন। তিনি বলেছিলেন, আপনারা অস্ত্র সমর্পণ করবেন না। এরপর তিনি দুই শিশু পুত্রকে নিয়ে ঢাকায় চলে যান। সেখান থেকে পাকিস্তানি বাহিনী তাকে গ্রেফতার করে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## মধ্যপ্রাচ্যের যুদ্ধে এখন পর্যন্ত ৬ বাংলাদেশি নিহত হয়েছেন : প্রতিমন্ত্রী

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম বলেছেন, মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধে এখন পর্যন্ত ছয়জন বাংলাদেশি নিহত হয়েছেন। যার মধ্যে তিনজনের মরদেহ দেশে এসেছে। এই পরিস্থিতিতে রেমিট্যান্স যোদ্ধারা প্রবাসে নিরাপদে জীবনযাপন ও কাজ করতে পারেন। তার জন্য সরকার সব সময় সতর্ক ও সক্রিয় রয়েছে। শনিবার (৪ এপ্রিল) দুপুরে ফরিদপুরের নগরকান্দা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন শেষে এসব কথা বলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। তিনি বলেন, আমরা সরকার গঠনের পর থেকে বিশ্বে যুদ্ধ শুরু হয়েছে। এখন খাদ্য, জ্বালানিসহ বিভিন্ন জিনিস নিয়ন্ত্রণে রেখে সহনীয়ভাবে যেন পাই, সে ব্যবস্থা আমাদের সরকার করছে। পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, যুদ্ধ পরিস্থিতির কারণে মধ্যপ্রাচ্যের দেশগুলোতে যাওয়ার ক্ষেত্রে যে-সব প্রবাসী বাংলাদেশির ভিসা নিয়ে জটিলতা হচ্ছে, তাদের ভিসার মেয়াদ বাড়ানোর বিষয়ে সরকার কূটনৈতিক তৎপরতা চালাচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকে শীর্ষ ব্যবসায়ীরা

দেশের বিনিয়োগ পরিবেশ চাঙা করা এবং শিল্পখাতের বিদ্যমান সংকট মোকাবিলার লক্ষ্যে শীর্ষ ব্যবসায়ী নেতাদের সঙ্গে প্রথম আনুষ্ঠানিক বৈঠকে বসেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার বেলা সাড়ে ১১টায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে শুরু হওয়া এই বৈঠককে সরকার ও বেসরকারি খাতের মধ্যে নতুন এক সংলাপের সূচনা হিসেবে দেখা হচ্ছে। বৈঠকে উপস্থিত রয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী এবং বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। পাশাপাশি, বিভিন্ন শিল্পখাতের প্রতিনিধিত্বকারী শীর্ষ উদ্যোক্তারাও এতে অংশ নিয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## ৪২ শয্যার বিপরীতে ১৪৭ শিশু ভর্তি, চাপ সামলাতে হিমশিম অবস্থা

চাঁদপুরে আশঙ্কাজনক হারে বাড়ছে হামে আক্রান্ত শিশু রোগীর সংখ্যা। এতে করে জেলার প্রধান চিকিৎসাকেন্দ্র চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালের অবকাঠামো ও চিকিৎসা সেবায় তীব্র চাপ সৃষ্টি হয়েছে। শনিবার (৪ এপ্রিল) সকালে সদর হাসপাতালের শিশু ওয়ার্ডে গিয়ে দেখা যায়, মাত্র ৪২টি শয্যার বিপরীতে ১৪৭ জন শিশু ভর্তি রয়েছে। শয্যা না পেয়ে অনেক শিশুকে হাসপাতালের মেঝেতে চিকিৎসা নিতে হচ্ছে। যার ফলে রোগীর চাপ সামাল দিতে রীতিমতো হিমশিম খাচ্ছে হাসপাতাল কর্তৃপক্ষ। হাসপাতাল সূত্রে জানা গেছে, হামের সংক্রমণ ঠেকাতে আক্রান্ত শিশুদের জন্য একটি আলাদা ইউনিটে আইসোলেশন ব্যবস্থা করা হয়েছে। সেখানে বর্তমানে ৩০ জন শিশুকে পৃথকভাবে চিকিৎসা দেওয়া হচ্ছে। এদিকে, জেলার বিভিন্ন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেও হাম রোগের উপসর্গ নিয়ে আসা শিশুদের ভর্তি করে চিকিৎসা দেওয়া হচ্ছে। ফলে পুরো জেলা জুড়েই স্বাস্থ্যসেবায় চাপ বেড়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## জুলাই সনদ বাস্তবায়নে সংখ্যাগরিষ্ঠ দলের মত প্রাধান্য পাবে : জোনায়েদ সাকি

পরিকল্পনা প্রতিমন্ত্রী জোনায়েদ সাকি বলেছেন, জুলাই জাতীয় সনদ নিয়ে বিতর্ক দেখছি না। জুলাই সনদ বাস্তবায়ন কীভাবে হবে, সেটা নিয়ে বিতর্ক চলমান। এ বিষয়ে বিভিন্ন দলের নোট অব ডিসেন্ট আছে। তবে বাস্তবায়নের ক্ষেত্রে সংখ্যাগরিষ্ঠ দলের মতামত প্রাধান্য পাবে। শনিবার (৪ এপ্রিল) দুপুরে রাজধানীর হাতিরপুলে গণসংহতি আন্দোলনের কার্যালয়ে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারীর পদ ছাড়ার ঘোষণা দিতে এই সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছিল। এসময় দলের ভারপ্রাপ্ত প্রধান সমন্বয়কারীর দায়িত্ব গ্রহণ করেন দেওয়ান আব্দুর রশিদ নিলু। তিনি দলের রাজনৈতিক পরিষদের সদস্য ছিলেন। সংবাদ সম্মেলনে তিনি আরও বলেন, আমি দল থেকে একেবারে বিচ্ছিন্ন হচ্ছি না। দলীয় সদস্য পদ থাকবে। রাজনৈতিক দল ও সরকারকে আলাদা করার জন্য দলীয় প্রধানের দায়িত্ব ছেড়েছি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## জুলাই সনদ বাস্তবায়নের সঙ্গে গণভোটের কোনো সম্পর্ক নেই : আইনমন্ত্রী

জুলাই সনদ বাস্তবায়নের সঙ্গে গণভোটের কোনো সম্পর্ক নেই বলে মন্তব্য করেছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী অ্যাডভোকেট মো. আসাদুজ্জামান। শনিবার (৪ এপ্রিল) দুপুরে ঝিনাইদহের শৈলকুপা উপজেলার ধাওড়া গ্রামে খাল খনন কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। মো. আসাদুজ্জামান বলেন, জুলাই সনদ নিজেই স্বতন্ত্র, স্বকীয় ও কার্যকরী। জুলাই সনদ কার্যকর করতে পারবে এই পার্লামেন্ট। জুলাই সনদ কীভাবে কার্যকর হবে, সেটা জুলাই সনদের মধ্যেই বলে দেওয়া আছে। সুতরাং, জুলাই সনদ হওয়া, না হওয়া নিয়ে গণভোট বাতিল হওয়া নির্ভর করে না। এটা আমরা পার্লামেন্টে সুস্পষ্টভাবে বলেছি। তিনি বলেন, বিএনপি জুলাই সনদকে হৃদয়ে ধারণ করে। বিএনপি জুলাই সনদকে চেতনায় ধারণ করে। বিএনপি বিশ্বাস করে, জুলাই সনদ এ দেশের ২০২৪-এর জুলাই আগস্টে ছাত্র-জনতার রক্তের অক্ষরে লিখিত। বিএনপি বিশ্বাস করে, জুলাই সনদ এ দেশের আপামর জনসাধারণের একটি মুক্তির সনদ। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## জেলা পরিষদ প্রশাসকদের জবাবদিহি করবে সরকার : এলজিআরডি প্রতিমন্ত্রী

দলের বিবেচনায় জেলা পরিষদের প্রশাসক নিয়োগ দেওয়া হলেও পদটি সরকারি হওয়ায়, সরকারিভাবে জবাবদিহিতা নিশ্চিত করা হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। শনিবার (এপ্রিল) রাজধানীর শের-ই-বাংলা নগরের জিয়া উদ্যানে বিএনপির প্রতিষ্ঠাতা শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সমাধিতে পুষ্পস্তবক অর্পণ এবং ফাতেহা পাঠ শেষে প্রতিমন্ত্রী এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, জেলা প্রশাসকরা নিয়োগ দেওয়ার মাধ্যমে জেলা পরিষদের সেবামূলক কর্মকাণ্ড সঠিকভাবে পরিচালিত হবে। জেলা প্রশাসকরা ডিসির দায়িত্বে থাকেন, কিন্তু সময় সীমাবদ্ধতার কারণে জনগণ সেবা পান না। এজন্য দলীয় বিবেচনায় জেলা পরিষদে প্রশাসক নিয়োগ দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## ক্ষমতা চিরস্থায়ী নয়, মানুষের সেবাই রাজনীতির মূল দায়িত্ব : দুলু

বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও জাতীয় সংসদের হুইপ অ্যাডভোকেট রুহুল কুদ্দুস তালুকদার দুলু বলেছেন, ক্ষমতা কখনও চিরস্থায়ী নয়, মানুষের সেবাই একজন রাজনীতিবিদের মূল দায়িত্ব। তিনি বলেন, ক্ষমতা দেওয়ার মালিক যেমন আল্লাহ, তেমনি কেড়ে নেওয়ার মালিকও আল্লাহ। তাই ক্ষমতায় থাকাকালীন মানুষের কল্যাণে কাজ করাই সবচেয়ে গুরুত্বপূর্ণ। শনিবার (৪ এপ্রিল) সকালে জাতীয় প্রেস ক্লাবে নাটোর জেলা সাংবাদিক সমিতি, ঢাকা আয়োজিত ঈদ পুনর্মিলনী ও গুণিজন সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। রুহুল কুদ্দুস তালুকদার দুলু বলেন, আমি রাজনীতিতে কখনও দ্বিমুখী আচরণে বিশ্বাস করি না। আমি যা পারবো করবো, আর যা পারবো না, সরাসরি বলে দেবো। মানুষের সঙ্গে অভিনয় করার রাজনীতি আমি করি না।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## হামে আক্রান্ত হয়ে আরও দুই মৃত্যু, নতুন রোগী ৭৮৭

দেশে হামে আক্রান্ত হয়ে নতুন করে দুইজনের মৃত্যু হয়েছে। সেই সঙ্গে আরও চারজন এ রোগে মারা গেছেন বলে সন্দেহ করা হচ্ছে। শুক্রবার (৩ এপ্রিল) সকাল ৮টা থেকে শনিবার (৪ এপ্রিল) সকাল ৮টা পর্যন্ত প্রাপ্ত উপাত্তের ভিত্তিতে এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম। প্রতিবেদনে বলা হয়, একই সময়ে সারাদেশে নতুন করে ৭৮৭ জন সন্দেহভাজন হাম রোগী শনাক্ত হয়েছেন এবং ল্যাবরেটরিতে নিশ্চিত হওয়া রোগী পাওয়া গেছে ৬০ জন। কন্ট্রোল রুম জানায়, গত ১৫ মার্চ থেকে আজ পর্যন্ত দেশে মোট সন্দেহভাজন হাম রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৬ হাজার ৪৭৬ জন। ল্যাব পরীক্ষায় নিশ্চিত রোগী হিসেবে শনাক্ত হয়েছেন ৮২৬ জন। এ পর্যন্ত মোট আক্রান্তদের মধ্যে ৪ হাজার ৬২৮ জন হাসপাতালে ভর্তি হয়েছিলেন এবং ২ হাজার ৬৫৪ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## কেরানীগঞ্জে অগ্নিকাণ্ডে ৫ জন নিহত

ঢাকার কেরানীগঞ্জের কদমতলী গোলচত্বর এলাকার গ্যাস লাইটার তৈরির কারখানায় লাগা আগুনে পুড়ে পাঁচজনের মৃত্যুর ঘটনা ঘটেছে। এ ঘটনায় নিহতরা পুরুষ, না নারী, সে বিষয়ে নিশ্চিত হতে পারেনি ফায়ার সার্ভিস। শনিবার (৪ এপ্রিল) ফায়ার সার্ভিসের কন্ট্রোল রুম কর্মকর্তা আনোয়ারুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন। আনোয়ারুল ইসলাম বলেন, এখন পর্যন্ত পাঁচজনের মরদেহ উদ্ধার করা হয়েছে। মরদেহগুলো নারী/পুরুষ বোঝা যায় না। অনুসন্ধান করা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহের নিশ্চয়তা চাইলেন ব্যবসায়ীরা

জ্বালানি সংকটে দেশের অর্থনীতিতে চাপ তৈরি হয়েছে উল্লেখ করে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহের নিশ্চয়তা চেয়েছেন ব্যবসায়ীরা। শনিবার (৪ এপ্রিল) রাজধানীতে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বেসরকারি খাত উন্নয়ন বিষয়ক উপদেষ্টা কাউন্সিলের প্রথম বৈঠক শেষে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে সাংবাদিকদের অর্থমন্ত্রী বলেন, নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহের নিশ্চয়তা চেয়েছেন ব্যবসায়ীরা। এছাড়া নবায়নযোগ্য জ্বালানি বা সৌরবিদ্যুৎ ব্যবহারে উদ্যোক্তাদের সরকারি সহায়তার কথা বলেন তারা। ব্যবসায়ীরা বিদেশি ভ্রমণকারীদের জন্য ই-ভিসা চালুর দাবি জানিয়েছেন উল্লেখ করে অর্থমন্ত্রী বলেন, বিমানবন্দরের ঝামেলা ছাড়াই বিদেশি বিনিয়োগকারীরা সহজে বাংলাদেশে আসতে পারেন, সেই ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন ব্যবসায়ীরা। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## গণভোটের রায় অমান্য করে স্বৈরাচারের পথে বিএনপি : মামুনুল হক

গণভোটের রায় অমান্য করে বিএনপি স্বৈরাচারের পথে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ খেলাফত মজলিশের আমির মওলানা মামুনুল হক। তিনি বলেন, যে সংবিধানের দোহাই দিয়ে ফ্যাসিস্ট শেখ হাসিনা আজীবন ক্ষমতায় থাকার চেষ্টা করেছিলেন, গণভোটের মাধ্যমে জনগণ সুনির্দিষ্ট বিষয়ে সুস্পষ্ট রায় দেওয়ার পরও, বিএনপি সেই সংবিধান সংস্কার করতে চায় না বরং তারা এতে কিছু সংশোধনী এনে আরও ভয়ংকর স্বৈরাচারী রূপে আবির্ভূত হতে চায়। শনিবার (৪ এপ্রিল) দুপুরে বাংলাদেশ খেলাফত মজলিশের কেন্দ্রীয় নির্বাহী পরিষদের মাসিক বৈঠকে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। পুরানা পল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে মহাসচিব মওলানা জালাল উদ্দীন আহমেদের সভাপতিত্বে এই

বৈঠক অনুষ্ঠিত হয়। মওলানা মামুনুল হক বলেন, সংসদে সংখ্যাগরিষ্ঠতার জোরে বিএনপি গণভোটে নির্দিষ্ট বিষয়ে জনগণের সুস্পষ্ট রায় অমান্য করছে। পৃথিবীর কোনো সভ্য দেশে সরকার নিজ জনগণের সঙ্গে এমন দৃষ্টতা প্রদর্শন করেছে এমন নজির আমাদের জানা নেই। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## সরকারি চাকরির বয়স ৩৫ করার আলটিমেটাম

সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা কমপক্ষে ৩৫ বছর নির্ধারণে সরকারকে আগামী ১২ এপ্রিল পর্যন্ত সময় বেধে দিয়েছেন চাকরিপ্রত্যাশী সাধারণ শিক্ষার্থীরা। নির্ধারিত সময়ের মধ্যে দাবি বাস্তবায়ন না হলে সারাদেশে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছেন তারা। শনিবার (৪ এপ্রিল) ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই আলটিমেটাম দেন তারা। লিখিত বক্তব্যে চাকরিপ্রত্যাশী শিক্ষার্থীদের প্রতিনিধি শরিফুল হাসান শুভ বলেন, সাম্প্রতিক রাজনৈতিক অস্থিরতা, দীর্ঘ সেশনজট এবং বিভিন্ন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির কারণে বিপুলসংখ্যক শিক্ষার্থী নির্ধারিত সময়ে তাদের শিক্ষাজীবন শেষ করতে পারেননি। ফলে তারা সরকারি চাকরিতে আবেদন করার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন, যা তাদের কাছে বৈষম্যমূলক বলে মনে হচ্ছে। তিনি বলেন, অন্তর্বর্তী ব্যবস্থা হিসেবে চাকরিতে আবেদনের বয়সসীমা অস্থায়ীভাবে সর্বোচ্চ ৩৭ থেকে ৪০ বছর পর্যন্ত নির্ধারণ করার দাবি জানাই। পাশাপাশি, স্থায়ীভাবে আন্তর্জাতিক মানদণ্ড অনুসরণ করে বয়সসীমা কমপক্ষে ৩৫ বছর নির্ধারণের দাবিও জানান তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## তেল কালোবাজারি-মজুতদারের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড : আইনমন্ত্রী

আইনমন্ত্রী অ্যাডভোকেট মো. আসাদুজ্জামান বলেছেন, দেশে অস্থিতিশীল পরিস্থিতি তৈরির জন্য এক শ্রেণির মানুষ চেষ্টা করছে। তারা একই মোটরসাইকেল নিয়ে একই দিন একাধিক জায়গা থেকে জ্বালানি নিচ্ছে। সেই তেল বাসায় নিয়ে বোতলে, ড্রামে ভরে আবার নিতে আসছে। আমরা এতদিন সফ্ট (নমনীয়) ছিলাম। প্রয়োজনবোধে তেলের কালোবাজারি ও মজুতদারদের বিরুদ্ধে বিশেষ আইনে সর্বোচ্চ শাস্তি প্রয়োগ করব এবং তার সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড। শনিবার (৪ এপ্রিল) দুপুরে ঝিনাইদহের শৈলকুপার ধাওড়া গ্রামে খাল খনন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, ১৯৭৪ সালের 'বিশেষ ক্ষমতা আইনে' কালোবাজারি এবং মজুতদারির বিরুদ্ধে সেকশন ২৫-এর যে শাস্তির বিধান করা হয়েছে, প্রয়োজনবোধে সেই শাস্তি প্রয়োগ করা হবে। তার সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড। আইনমন্ত্রী বলেন, "প্রশাসনকে বলছি, আপনারা কঠোর হোন। আপনাদের সঙ্গে অতন্দ্র প্রহরীর মতো সংগঠনের নেতা-কর্মীরা থাকবে।"
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## জ্বালানি সাশ্রয়ে ব্যাংক লেনদেন ১০টা-৩টা

জ্বালানি সংকট মোকাবিলা ও বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে দেশের ব্যাংকিং কার্যক্রমের সময়সূচিতে পরিবর্তন এনেছে নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ ব্যাংক। আগামীকাল রোববার (৫ এপ্রিল) থেকে ব্যাংক লেনদেন হবে সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত। শনিবার (৪ এপ্রিল) জারি করা এক প্রজ্ঞাপনে এ নির্দেশনা দেয় কেন্দ্রীয় ব্যাংক। এতে বলা হয়, দেশব্যাপী জ্বালানি ও বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে ব্যাংক ও ব্যাংক-বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানের লেনদেনের সময়সূচিতে পরিবর্তন আনা হয়েছে। নির্দেশনা অনুযায়ী, রোববার (৫ এপ্রিল) থেকে ব্যাংকে গ্রাহক লেনদেন চলবে সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত। তবে ব্যাংক অফিস চলবে বিকেল ৫টা পর্যন্ত। লেনদেন শেষ হওয়ার পর বাকি সময় ব্যাংকের অভ্যন্তরীণ বা লেনদেন-পরবর্তী কার্যক্রম পরিচালনা করা হবে। এদিকে সমুদ্র, স্থল ও বিমানবন্দর এলাকার (পোর্ট ও কাস্টমস এলাকা) ব্যাংক শাখা, উপশাখা ও বুথ সপ্তাহে সাতদিন ২৪ ঘণ্টা খোলা রাখতে হবে। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করেছে বাংলাদেশ ব্যাংক।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## দেশের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ নির্ণয়ে মাঠে জরিপ দল

দেশের সর্বোচ্চ পর্বতশৃঙ্গের দীর্ঘদিনের বিতর্ক নিরসনে মাঠপর্যায়ে জরিপ কার্যক্রম শুরু করেছে বাংলাদেশ জরিপ অধিদপ্তর। ৪ থেকে ১২ এপ্রিল পর্যন্ত বান্দরবানের দুর্গম রুমা ও থানচি উপজেলার পাহাড়গুলো পরিমাপ করে সর্বোচ্চ শৃঙ্গের শীর্ষবিন্দু নির্ধারণ করা হবে। শনিবার (৪ এপ্রিল) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)। আইএসপিআর জানায়, জরিপ অধিদপ্তর আধুনিক জিওডেটিক পদ্ধতি ও উন্নত গ্লোবাল ন্যাভিগেশন স্যাটেলাইট সিস্টেম (জিএনএসএস) প্রযুক্তি ব্যবহার করে দেশের সর্বোচ্চ শৃঙ্গের গড় সমুদ্রতল থেকে উচ্চতা (এমএসএল) নির্ধারণের একটি সমন্বিত জরিপ কার্যক্রম আন্তর্জাতিক মানদণ্ড অনুসরণ করে পরিচালনা করবে। এ জরিপের মাধ্যমে সর্বোচ্চ শৃঙ্গের অক্ষাংশ, দ্রাঘিমাংশ এবং গড় সমুদ্রতল থেকে উচ্চতা উভয় ক্ষেত্রেই সেন্টিমিটার স্তরের নির্ভুলতা নিশ্চিত করা হবে। জরিপ কার্যক্রমটি সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশের নেতৃত্বে ব্রিগেডিয়ার জেনারেল নুর-এ-আলম মোহাম্মদ জোবায়ের সারোয়ার এবং জিওডেটিক ডিটাচমেন্টের ইনচার্জ উপ-পরিচালক (জরিপ) দেবাশীষ সরকারের তত্ত্বাবধানে পরিচালিত হবে। তারা থানচি ও রুমা এলাকায় অবস্থান করে বিভিন্ন পাহাড়ের উচ্চতা পরিমাপ করবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

**রাজধানীর হাজারীবাগে পুলিশের বিশেষ অভিযানে গ্রেফতার ২৯**

রাজধানীর হাজারীবাগে দিনব্যাপী বিশেষ অভিযান পরিচালনা করেছে পুলিশ। এসময় অপরাধে জড়িত অভিযোগে ২৯ জনকে গ্রেফতার করা হয়। শনিবার (৪ এপ্রিল) ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গণমাধ্যম ও জনসংযোগ বিভাগের সহকারী পুলিশ কমিশনার আরিফা আখতার প্রীতি এ তথ্য নিশ্চিত করেন। হাজারীবাগ থানার বরাত দিয়ে আরিফা আখতার প্রীতি বলেন, শনিবার থানার বিভিন্ন এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করা হয়। এসময় পরোয়ানাভুক্ত আসামি, ছিনতাইকারী ও মাদক ব্যবসার অপরাধে জড়িত অভিযোগে মোট ২৯ জনকে গ্রেফতার করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

**জ্বালানি সংকট-অর্থনৈতিক চাপ মোকাবিলায় বাজেট সহায়তা দেবে এআইআইবি**

দেশের জ্বালানি সংকট ও অর্থনৈতিক চাপ মোকাবিলায় বাংলাদেশকে বাজেট সহায়তা দিতে সম্মত হয়েছে এশীয় ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক (এআইআইবি)। পাশাপাশি বিনিয়োগ বাড়ানো ও বন্ধ কলকারখানা চালুর মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগ নিচ্ছে সরকার। শনিবার (৪ এপ্রিল) রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেন এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংকের প্রতিনিধিদল। সাক্ষাৎ শেষে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী এসব তথ্য জানান। অর্থমন্ত্রী বলেন, বৈশ্বিক পরিস্থিতিতে জ্বালানি খাতে যে চাপ তৈরি হয়েছে, তা কাটিয়ে উঠতে এআইআইবি বাজেট সাপোর্ট দেবে। বিশেষ করে জলবায়ু সহনশীল ও পরিবেশবান্ধব প্রকল্পে তারা বিনিয়োগ করবে। তিনি বলেন, সৌরবিদ্যুৎ উৎপাদন বাড়ানো এবং ইলেকট্রিক ভেহিকল খাতে অর্থায়নের ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে। সরকারের লক্ষ্য, মোট বিদ্যুতের ২০-৩০ শতাংশ সৌর শক্তি থেকে উৎপাদন করা।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

**প্রধানমন্ত্রী আপ্রাণ চেষ্টা করছেন যেন জ্বালানির দাম না বাড়ে : চিফ হুইপ**

বিশ্বে তেলের দাম বাড়লেও, বাংলাদেশে এখনো তেলের দাম সেভাবে বাড়ানো হয়নি উল্লেখ করে চিফ হুইপ মো. নূরুল ইসলাম বলেছেন, দেশে জ্বালানির দাম যেন না বাড়ানো হয়, সে জন্য প্রধানমন্ত্রী আপ্রাণ চেষ্টা করছেন। শনিবার (৪ এপ্রিল) রাজধানীর সিরডাপ মিলনায়তনে আয়োজিত 'স্বাস্থ্য সুরক্ষায় ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার আইন শক্তিশালী করার প্রয়োজনীয়তা' শীর্ষক নীতি সংলাপ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। উন্নয়ন বিকল্পের নীতি-নির্ধারণী গবেষণার (উবিনীগ) সহযোগিতায় তামাক বিরোধী নারী জোট (তাবিনাজ) এই সংলাপের আয়োজন করে। জ্বালানি তেল ও বৈশ্বিক সংকট প্রসঙ্গে চিফ হুইপ বলেন, বিশ্বে তেলের দাম বাড়লেও, বাংলাদেশে এখনো তেলের দাম সেভাবে বাড়ানো হয়নি। প্রধানমন্ত্রী আপ্রাণ চেষ্টা করছেন যেন জ্বালানির দাম না বাড়ানো হয়। পাকিস্তানে তেলের দাম ডাবল হয়েছে, শ্রীলঙ্কা বা নেপালে স্কুল বন্ধ হয়েছে। প্রধানমন্ত্রী বাহুল্য খরচ কমাতে নিজের বহর নিয়ে যাওয়া বন্ধ করে দিয়েছেন। সংসদে তিনি নির্দেশ দিয়েছেন, যাতে এসির টেম্পারেচার ২৫-এর নিচে না নামানো হয়। তিনি নিজের রুমেও অধিক আলো বা এসি ব্যবহার করেন না শুধুমাত্র বিদ্যুৎ সাশ্রয়ের জন্য। এসব ভালো কাজের জন্য প্রধানমন্ত্রীকে আমাদের ধন্যবাদ জানানো উচিত। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

**চট্টগ্রামে র‍্যাবের অভিযানে ৭ মামলার পলাতক আসামি সাদ্দাম গ্রেফতার**

চট্টগ্রামে সন্ত্রাসবিরোধী অভিযানে সাত মামলার পলাতক আসামি সাদ্দাম হোসেন ওরফে গলাকাটা বাচাকে গ্রেফতার করেছে র‍্যাব-৭। শুক্রবার (৩ এপ্রিল) বিকেলে সীতাকুণ্ড উপজেলার দক্ষিণ সলিমপুর এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। র‍্যাব জানায়, গ্রেফতার সাদ্দাম হোসেন (৩৭) নগরের বায়েজিদ বোস্তামী থানার আরেফিন নগর এলাকার বাসিন্দা। তিনি 'বড়ো সাজ্জাদ' নামে পরিচিত সন্ত্রাসী সাজ্জাদ আলীর ঘনিষ্ঠ সহযোগী এবং তার বাহিনীর দ্বিতীয় শীর্ষ নেতা হিসেবে পরিচিত। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তথ্য অনুযায়ী, সাদ্দামের বিরুদ্ধে হত্যা, হত্যাচেষ্টা, ডাকাতি, অস্ত্রবাজি, চাঁদাবাজি, মাদক কারবার, ছিনতাই ও ভূমি দখলসহ বিভিন্ন অভিযোগে অন্তত সাতটি মামলা রয়েছে। চট্টগ্রাম মহানগরের পাঁচলাইশ, চকবাজার, ডাবলমুরিং, বায়েজিদ বোস্তামী, আকবর শাহ ও সীতাকুণ্ড থানায় এসব মামলা করা হয়েছে। র‍্যাব-৭ এর সহকারী পুলিশ সুপার ও সহকারী পরিচালক (মিডিয়া) এ আর এম মোজাফফর হোসেন জানান, পরবর্তী আইনগত ব্যবস্থা নিতে গ্রেফতার সাদ্দামকে পাঁচলাইশ মডেল থানায় হস্তান্তর করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

**জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতি পদে টরন্টোতে বাংলাদেশের সমর্থন কামনা**

জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের প্রেসিডেন্ট পদে বাংলাদেশের প্রার্থিতার বিষয়টি গুরুত্বের সঙ্গে তুলে ধরে আন্তর্জাতিক সম্প্রদায়ের সমর্থন চেয়েছে কানাডার টরন্টোতে অবস্থিত বাংলাদেশ কনস্যুলেট জেনারেল। কানাডার টরন্টোতে বাংলাদেশের স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে কনস্যুলার কোরের সম্মানে আয়োজিত এক রিসেপশনে এ বিষয়ে গুরুত্বারোপ করা হয়। টরন্টোর বাংলাদেশ কনস্যুলেট জেনারেলের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, বৃহস্পতিবার অ্যাড্রিয়া ওয়ানের কনফারেন্স হলে আয়োজিত এই অনুষ্ঠানে বিভিন্ন দেশের কনস্যুলার কোরের সদস্য, আন্তর্জাতিক ব্যবসায়িক সংগঠনের প্রতিনিধি, অন্টারিও প্রাদেশিক পার্লামেন্ট ও সিটি কাউন্সিলের সদস্যসহ স্থানীয় রাজনীতিবিদ এবং বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## বাসাবাড়িতে লাইট-ফ্যান ব্যবহারে নিষেধাজ্ঞার খবর ভুয়া : বিএনপি

বাসাবাড়িতে সন্ধ্যার পর অকারণে লাইট-ফ্যান ব্যবহার না করার নির্দেশনা সংক্রান্ত একটি বক্তব্য সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভীকে উদ্ধৃত করে এই বক্তব্য ছড়ানো হয়েছে। বিএনপির পক্ষ থেকে এমন খবরকে ভুয়া বলে দাবি করা হয়েছে। দলটি বলছে, রুহুল কবির রিজভী এ ধরনের কোনো বক্তব্য দেননি। প্রচারিত তথ্যটি সম্পূর্ণ উদ্ভট, মনগড়া ও উদ্দেশ্যপ্রণোদিত। শনিবার (৪ এপ্রিল) বিএনপির সহ-দপ্তর সম্পাদক মুহম্মদ মুনির স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে জানানো হয়, কুচক্রী একটি মহল ফেসবুকসহ বিভিন্ন অনলাইনমাধ্যম ও ইউটিউবে রিজভীর নামে ভুয়া এই বক্তব্য প্রচার করছে। এতে বলা হয়, 'বাসাবাড়িতেও সন্ধ্যার পরে অকারণে লাইট, ফ্যান ব্যবহার করা যাবে না, তদারকিতে থাকবে ছাত্রদল ও যুবদলের নেতাকর্মীরা'- এমন দাবি সম্পূর্ণ ভিত্তিহীন। বিজ্ঞপ্তিতে রুহুল কবির রিজভী দেশবাসীসহ বিএনপি নেতা-কর্মীদের এ ধরনের মনগড়া বক্তব্যে বিভ্রান্ত না হওয়ার আহ্বান জানান। একইসঙ্গে তিনি সবাইকে সতর্ক থাকার পরামর্শ দেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## গণভোটের রায় কার্যকরের দাবিতে কর্মসূচি ঘোষণা বাংলাদেশ খেলাফত মজলিশের

গণভোটের রায় কার্যকরের দাবিতে বিক্ষোভ ও গণসমাবেশের কর্মসূচি ঘোষণা করেছে বাংলাদেশ খেলাফত মজলিশ। দলটি আগামী ৯ এপ্রিল দেশব্যাপী জেলা-উপজেলায় বিক্ষোভ এবং ২৪ এপ্রিল ঢাকায় সোহরাওয়ার্দী উদ্যানে বিশাল গণসমাবেশ করবে। শনিবার (৪ এপ্রিল) বাংলাদেশ খেলাফত মজলিশের কেন্দ্রীয় নির্বাহী পরিষদের মাসিক বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। রাজধানীর পল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে বৈঠকটি হয়। বৈঠকে দলের আমির মওলানা মামুনুল হক বিক্ষোভ ও গণসমাবেশ সফল করার জন্য নেতা-কর্মী ও দেশবাসীর প্রতি আহ্বান জানান।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## ড. ইউনূসসহ সাবেক উপদেষ্টাদের রাজপথে নামার আহ্বান নাহিদের

অন্তর্বর্তী সরকারের করা নানা অধ্যাদেশ বিএনপি সরকার বাতিলের উদ্যোগ নেওয়ায় এর প্রতিবাদে সাবেক প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসসহ অন্য সাবেক উপদেষ্টাদের রাজপথে নামার আহ্বান জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক মো. নাহিদ ইসলাম। তিনি বলেন, "আমি ড. মুহাম্মদ ইউনূসকে রাজপথের বিক্ষোভে নামার আহ্বান জানাচ্ছি। অন্তর্বর্তী সরকারের যে-সব উপদেষ্টা ছিলেন, গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন, তাদের দায়িত্ব নিতে হবে। তারা যে এই অধ্যাদেশগুলো করেছিলেন, কেন করেছিলেন, এখন সেগুলো বাতিল করা হচ্ছে- এগুলো নিয়ে তাদের কথা বলতে হবে। ড. মুহাম্মদ ইউনূসকে মুখ খুলতে হবে।" সৌদি আরবে ওমরাহ করে শনিবার (৪ এপ্রিল) দুপুরে দেশে ফিরে রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে নাহিদ ইসলাম এসব কথা বলেন। এনসিপির আহ্বায়ক বলেন, "তারা (উপদেষ্টারা) অধ্যাদেশ করে চলে গেছেন। ইলেকশন ইঞ্জিনিয়ারিং করে বিএনপিকে ক্ষমতা দিয়ে চলে গেছেন। এখন অধ্যাদেশগুলো বাতিল হবে, সংস্কার হবে না, তারা কথা বলবেন না, যার যার ক্যারিয়ারে ফিরে যাবেন, এটা হবে না। জনগণের কাঠগড়ায় তাদের দাঁড় করাতে হবে।"

(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## রোববার থেকে অফিস সকাল ৯টা থেকে বিকেল ৪টা

মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনা ও যুদ্ধের প্রেক্ষাপটে সৃষ্ট বিদ্যুৎ ও জ্বালানি সংকট মোকাবিলায় সরকারি ও বেসরকারি অফিসের নতুন সময় নির্ধারণ করেছে সরকার। রোববার (৫ এপ্রিল) থেকে সরকারি ও বেসরকারি অফিস সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত চলবে। শনিবার (৪ এপ্রিল) অফিসের নতুন সূচি নির্ধারণ করে প্রজ্ঞাপন জারি করে জনপ্রশাসন মন্ত্রণালয়। এর আগে, গত বৃহস্পতিবার (২ এপ্রিল) এ সংক্রান্ত প্রস্তাব অনুমোদন দেয় মন্ত্রিসভা। প্রজ্ঞাপনে বলা হয়, সরকার ৫ এপ্রিল থেকে দেশের সব সরকারি ও বেসরকারি অফিস সময়সূচি পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত চলবে (রবি থেকে বৃহস্পতিবার)। শুক্রবার ও শনিবার সাপ্তাহিক ছুটি থাকবে। জরুরি পরিষেবাসমূহ নতুন অফিস সময়সূচির আওতার বাইরে থাকবে বলেও প্রজ্ঞাপনে জানানো হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## অন্তর্বর্তী সরকার ইলেকশন ইঞ্জিনিয়ারিংয়ের সঙ্গে জড়িত ছিল

জাতীয় সংসদের বিরোধীদলীয় হুইপ ও জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মওলানা রফিকুল ইসলাম খান এমপি বলেছেন, ১২ ফেব্রুয়ারি নির্বাচন কীভাবে হয়েছে, তা দেশের জনগণ ও সাংবাদিকদের কাছে পুরোপুরি পরিষ্কার। অন্তর্বর্তীকালীন সরকারের একজন উপদেষ্টা প্রথম দিন থেকেই দলীয় সরকারের মন্ত্রী হিসেবে শপথগ্রহণ করেছেন। এতেই প্রমাণ হয় যে, অন্তর্বর্তীকালীন সরকার ইলেকশন ইঞ্জিনিয়ারিংয়ের সঙ্গে জড়িত ছিল। শনিবার (৪ এপ্রিল) বিকেলে জয়পুরহাট শহরের ধানমন্ডি এলাকায় পৌর কমিউনিটি সেন্টারে জেলা জামায়াতের আয়োজনে ইউনিট সভাপতি সম্মেলনে তিনি এসব কথা বলেন। উপদেষ্টাদের কর্মকাণ্ডের সমালোচনা করে রফিকুল ইসলাম বলেন, অনেক উপদেষ্টাই নিরপেক্ষতা বজায় রাখতে ব্যর্থ হয়েছেন। তাদের অনেকেই দলীয় অ্যাজেন্ডা বাস্তবায়ন করার চেষ্টা

করেছেন। আমরা তাদের এই ভূমিকাকে ধিক্কার ও নিন্দা জানাই। বক্তব্যে তিনি অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসানের একটি মন্তব্যের কড়া সমালোচনা করেন। তিনি বলেন, সারা দুনিয়ার লোকই জানে, উপদেষ্টা রেজওয়ানা হাসান বলেছেন, "আমরা জামায়াতকে ক্ষমতায় আসতে দিই নাই। অন্তত এতটুকু পেরেছি যে, তাদেরকে বিরোধী দলে আসলেও মেইন স্ট্রিমে আসতে দিই নাই, মানে সরকার গঠন করতে দিই নাই।"
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## আসলাম-সারোয়ারের সংসদে যোগদান ঝুলে আছে আদালতে

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের পরদিন ১৩ ফেব্রুয়ারি নির্বাচিত সংসদ সদস্যদের (এমপি) গেজেট প্রকাশ করে নির্বাচন কমিশন (ইসি)। নবনির্বাচিত এমপিদের শপথ অনুষ্ঠিত হয় গত ১৭ ফেব্রুয়ারি। তবে আদালতের আদেশে চট্টগ্রামের দুটি আসনের ফল ঘোষণা করা হয়নি। যদিও আসন দুটিতে বিএনপি মনোনীত প্রার্থীরা তাদের প্রতিদ্বন্দ্বী প্রার্থীর চেয়ে বেশি ভোট পেয়েছেন। কিন্তু আইনি জটিলতায় তাদের ফলাফল স্থগিত রাখা হয়েছে। আসন দুটি হলো চট্টগ্রাম-২ (ফটিকছড়ি) ও চট্টগ্রাম-৪ (সীতাকুণ্ড)। এই দুটি আসনের বিএনপি মনোনীত প্রার্থীরা হলেন যথাক্রমে সরোয়ার আলমগীর ও মোহাম্মদ আসলাম চৌধুরী। এই আসন দুটির নির্বাচনের ফলাফল ও গেজেট কখন প্রকাশ করা হবে, তা নির্ভর করছে আদালতের আদেশের ওপর। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## জরুরিভিত্তিতে এক লাখ টন ডিজেল, দুই কার্গো এলএনজি কিনছে সরকার

জ্বালানি সংকট মোকাবিলায় জরুরি ভিত্তিতে এক লাখ মেট্রিক টন ডিজেল এবং ২ কার্গো এলএনজি কেনার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এক লাখ টন ডিজেল কিনতে ৬৮৯ কোটি টাকার বেশি এবং দুই কার্গো এলএনজি কিনতে ১ হাজার ৫৬০ কোটি টাকার মতো লাগতে পারে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। শনিবার (৪ এপ্রিল) অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে ভার্চুয়াল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত সরকারি ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠক সূত্রে জানা গেছে, কাজাখস্তানভিত্তিক জ্বালানি সরবরাহকারী প্রতিষ্ঠান কাজাখ গ্যাস প্রসেসিং প্ল্যান্ট এলএলপি থেকে ১ লাখ মেট্রিক টন ৫০ পিপিএম সালফার মানের ডিজেল সরাসরি ক্রয় পদ্ধতিতে আমদানির দেওয়া হয়েছে। এতে মোট ব্যয় ধরা হয়েছে ৫ কোটি ৫৯ লাখ ৯৪ হাজার ৭৬০ মার্কিন ডলার। বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ ৬৮৯ কোটি ২৯ লাখ ৫৪ হাজার ৯৫৬ টাকা। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## মার্কেট-দোকান খোলার বিষয়ে সরকারি সিদ্ধান্তই বহাল

সন্ধ্যা ৬টার মধ্যে শপিংমল ও মার্কেটে বন্ধ রাখার সরকারি নির্দেশনা বহাল রেখেছে সরকার। সরকারের এই নির্দেশনা মেনে চলতে ব্যবসায়ীদের প্রতি অনুরোধ জানিয়েছেন বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ। শনিবার (৪ এপ্রিল) বিকেল ৪ টায় বিদ্যুৎ ভবনে বাংলাদেশ দোকান ব্যবসায়ী মালিক সমিতির সঙ্গে এক বৈঠকে তিনি এ অনুরোধ জানান। এর আগে, দোকান খোলা ও বন্ধের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করার জন্য সংগঠনটির পক্ষ থেকে দাবি জানানো হয়। একই দাবি বিদ্যুৎমন্ত্রীর কাছেও উপস্থাপন করেন সংগঠনটির নেতারা। তবে এই দাবি আপাতত নাকচ করে দিয়েছেন বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রী। বৈঠকে অংশ নেওয়া বাংলাদেশ দোকান ব্যবসায়ী মালিক সমিতির সাধারণ সম্পাদক আরিফুর রহমান টিপু জাগো নিউজকে বলেন, সামনে ১ বৈশাখ ও কোরবানির ঈদ। আমরা দাবি করেছিলাম, রাত ৮টা পর্যন্ত যেন দোকানপাট খোলা রাখা যায়। আর সকাল ৯টার পরিবর্তে বেলা ১১টা থেকে দোকান খুলে সন্ধ্যা ৬টার পরিবর্তে রাত ৮টা পর্যন্ত খোলা রাখার দাবি জানিয়েছিলাম। বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রী আমাদের কথা শুনেছেন। তিনি বলেছেন, প্রধানমন্ত্রীর সঙ্গে বিষয়টি নিয়ে কথা বলবেন। তবে, আপাতত সরকারি নির্দেশনা অনুযায়ী আমাদের সন্ধ্যা ৬টার মধ্যে বিপণিবিতান ও মার্কেট বন্ধ রাখার অনুরোধ জানিয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## কোচিং সেন্টার শতভাগ বন্ধ করা হবে : শিক্ষামন্ত্রী

কোচিং সেন্টার শতভাগ বন্ধ করা হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। শনিবার (৪ এপ্রিল) দুপুরে কুমিল্লা জেলা শিল্পকলা একাডেমিতে এসএসসি ও সমমান পরীক্ষা-২০২৬ উপলক্ষ্যে কুমিল্লা শিক্ষা বোর্ড, কুমিল্লা অঞ্চলের মাদরাসা ও কারিগরি শিক্ষাবোর্ডের কেন্দ্র সচিবদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, আগামী দিনে কোচিং সেন্টার শতভাগ বন্ধ করতে হবে। কীভাবে করবো আমি? সার্কুলার দেবো না, আইন করে বন্ধ করবো না, অটো বন্ধ করবো। আপনি (শিক্ষক) আপনার শিক্ষার্থীদের চিহ্নিত করবেন, কে কোন বিষয়ে দুর্বল। আপনি আপনার প্রতিষ্ঠানে তাদেরকে প্রাইভেট, কোচিং করাবেন। সেই ক্ষেত্রে আপনি তাদের কাছ থেকে অতিরিক্ত চার্জ নিতে পারেন। এ চার্জটা আপনারা সকলে মিলে ভাগ করে নিতে পারেন। এমনকি দপ্তরিকেও দেবেন। তিনি আরও বলেন, সব কিছুরই লাইসেন্স সিস্টেম আছে। কিন্তু ব্যাঙের ছাতার মতো কোচিং সেন্টার করবেন আর গ্যারেজে বসে ইংলিশ মিডিয়াম কিন্ডারগার্টেন করবেন, এগুলি কি সরকারের অধীনে আসতে হবে না? আস্তে আস্তে আসবে। সবে মাত্র আমাদের যাত্রা শুরু। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## শাহ আমানতে সাড়ে ১৮ লাখ টাকার সিগারেট ও প্রসাধনী জব্দ

চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে অভিযান চালিয়ে ১৮ লাখ টাকার সিগারেট ও আমদানি নিষিদ্ধ প্রসাধনী জব্দ করেছে কাস্টমস কর্তৃপক্ষ। শুক্রবার (৩ এপ্রিল) রাত ১১টা ৪৫ মিনিটে আবুধাবি থেকে আসা বিমান বাংলাদেশ এয়ারলাইনসের ফ্লাইটের (বিজি-১২৮) তিন যাত্রীর লাগেজ তল্লাশি করে এসব পণ্য জব্দ করা হয়। পরে ওই তিনজনকে আটক করা হয়। বিমানবন্দর কাস্টমস শাখা ও কাস্টমস ইন্টেলিজেন্সের যৌথ অভিযানে তিন যাত্রীর কাছ থেকে মোট ৯৩০ কার্টন সিগারেট এবং আমদানি নিষিদ্ধ ৬০ পিস 'গৌরী ক্রিম' জব্দ করা হয়। আটক যাত্রীরা হলেন- কুমিল্লার দেবিদ্বারের নাজমুল হাসান, গোপালগঞ্জের কুসুমদিয়ার সরদার সাজাদ ও কক্সবাজারের চকরিয়ার আমশেদ আলম রানা। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## সংসদ সচিবালয় কমিশন গঠন, চেয়ারম্যান স্পিকার

জাতীয় সংসদ সচিবালয় আইন, ১৯৯৪-এর ধারা ৭ অনুযায়ী 'সংসদ সচিবালয় কমিশন' গঠন করা হয়েছে। এতে চেয়ারম্যান হিসেবে মনোনীত হয়েছেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম। শনিবার (৪ এপ্রিল) রাষ্ট্রপতির আদেশক্রমে সংসদ সচিবালয়ের সচিব ব্যারিস্টার মো. গোলাম সরওয়ার ভুঁইয়া স্বাক্ষরিত প্রজ্ঞাপন থেকে এ তথ্য জানা যায়। পাঁচ সদস্যবিশিষ্ট এ কমিশনে পদাধিকারবলে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের অন্তর্ভুক্ত করা হয়েছে। সদস্যরা হলেন- প্রধানমন্ত্রী তারেক রহমান, বিরোধীদলীয় নেতা মো. শফিকুর রহমান, আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান এবং অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস) থেকে প্রকাশিত গেজেটে জানানো হয়, গত ২ এপ্রিল থেকে এ সিদ্ধান্ত কার্যকর হয়েছে। সংসদ সচিবালয় আইন অনুযায়ী, এ কমিশন সংসদের প্রশাসনিক ও নীতি-নির্ধারণী সিদ্ধান্ত নিতে কাজ করবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে বর্ষায় জনদুর্ভোগ কমাতে বিএনপি নেতাদের সহযোগিতা চান মেয়র

চট্টগ্রাম নগরের উন্নয়ন ও আসন্ন বর্ষায় জনদুর্ভোগ কমাতে বিএনপির তৃণমূল পর্যায়ের নেতাদের সক্রিয় সহযোগিতা চেয়েছেন সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। শনিবার (৪ এপ্রিল) বিকেলে চট্টগ্রাম মহানগর, থানা ও ওয়ার্ড পর্যায়ের বিএনপি নেতাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ আহ্বান জানান। নগরের লালখান বাজারের একটি রেস্তোরাঁয় সভাটি হয়। প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, বর্ষা সামনে রেখে এখনই নালা-নর্দমা পরিষ্কার রাখা, খোলা ম্যানহোল চিহ্নিত করা ও জনসচেতনতা বাড়ানো জরুরি। এজন্য ওয়ার্ডভিত্তিক নেতাদের চারটি বিষয়ে গুরুত্ব দিয়ে কাজ করার নির্দেশ দেন তিনি। এগুলো হলো- নালা ও নর্দমা পরিষ্কার রাখা, ভাঙা বা অনুপস্থিত স্লাব চিহ্নিত করে তালিকা তৈরি, খোলা ম্যানহোলের ঢাকনা নিশ্চিত করা এবং প্রয়োজন অনুযায়ী ডাস্টবিন স্থাপন। শাহাদাত হোসেন বলেন, অতীতে ম্যানহোলের ঢাকনা না থাকায় নানা দুর্ঘটনা ঘটেছে। তাই প্রতিটি ওয়ার্ডে ঝুঁকিপূর্ণ স্থান চিহ্নিত করে দ্রুত সিটি করপোরেশনকে জানাতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## সংস্কার নিয়ে দেওয়া প্রতিশ্রুতি ভঙ্গ করেছে সরকার : ডা. শফিকুর

ভোটের আগে সংস্কারের নানা প্রতিশ্রুতি দিলেও, দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা অর্জনের পর সরকার সেসব প্রতিশ্রুতি থেকে সরে গেছে বলে মন্তব্য করেছেন সংসদের বিরোধীদলীয় নেতা ও জামায়াত আমির ডা. শফিকুর রহমান। সরকার অতীতের সব ওয়াদা ভুলে গেছে বলেও অভিযোগ করেন তিনি। শনিবার (৪ এপ্রিল) রাজধানীর মিরপুরের পীরেরবাগ এলাকায় আয়োজিত ঈদ পুনর্মিলনী ও গণসংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। ডা. শফিকুর রহমান বলেন, সরকার তাদের দলীয় ৩১ দফা ইশতেহারে সংস্কারের কথা বলেছিল। সেখানে উল্লেখ ছিল, সরকার গঠন করতে পারলে একটি সংস্কার কমিশন গঠন করে সংবিধানের সেই ধারাগুলো সংশোধন করা হবে, যেগুলো অতীতে সরকারকে ফ্যাসিবাদী করেছে। কিন্তু বর্তমানে সংস্কারের কথা উঠলেই সরকারি দল বলছে, সংবিধানে এ ধরনের কোনো কথা নেই। জামায়াত আমির প্রশ্ন রেখে বলেন, সংবিধানে যদি সংস্কারের কথা না-ই থাকে, তাহলে ৩১ দফায় তা উল্লেখ করা হয়েছিল কেন, গণভোট চাওয়া হয়েছিল কেন এবং জনগণকে আহ্বান জানানো হয়েছিল কেন। তিনি এসবকে 'দ্বিচারিতা' হিসেবে উল্লেখ করে বলেন, এটি নিজেদের দেওয়া ওয়াদার বিরুদ্ধে অবস্থান এবং জনগণের রায়কে অস্বীকার ও অপমান করার শামিল। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## ক্ষমতা বদলের জন্য জুলাই বিপ্লব হয়নি : এটিএম আজহার

বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমির ও সংসদ সদস্য এটিএম আজহারুল ইসলাম বলেছেন, জুলাই বিপ্লবের কারণেই আজ আমি সংসদে কথা বলার সুযোগ পেয়েছি। এ বিপ্লব আমাদের নতুন জীবন দিয়েছে। তাই এটিকে অস্বীকার করা মানে সেই নতুন জীবনকেই অস্বীকার করা। তিনি বলেন, জুলাই বিপ্লব কোনো এক দলকে সরিয়ে অন্য দলকে ক্ষমতায় বসানোর জন্য হয়নি। বরং এটি ছিল পুরোনো ব্যবস্থা ভেঙে নতুন ব্যবস্থা প্রতিষ্ঠার আন্দোলন। এ বিপ্লবের লক্ষ্য ছিল ক্ষমতা কিছু ব্যক্তির হাতে কেন্দ্রীভূত না রেখে জনগণের হাতে ফিরিয়ে দেওয়া।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীকে কটূক্তির প্রতিবাদে কর্নেল অলির বিরুদ্ধে ঝাড়ু মিছিল

চট্টগ্রামের চন্দনাইশে প্রধানমন্ত্রী তারেক রহমানকে নিয়ে কটূক্তি ও স্বাধীনতার ইতিহাস বিকৃতির অভিযোগে লিবারেল ডেমোক্রেটিক পার্টির (এলডিপি) সভাপতি কর্নেল (অব.) অলি আহমদের বিরুদ্ধে ঝাড়ু মিছিল করেছে উপজেলা বিএনপি ও এর অঙ্গসংগঠন। শনিবার (৪ এপ্রিল) বিকেল সাড়ে ৩টার দিকে উপজেলার খাঁনহাট গাছবাড়িয়া কলেজ গেট এলাকায় উপজেলা বিএনপি ও অঙ্গসংগঠনের যৌথ উদ্যোগে এ কর্মসূচি পালন করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## তৃতীয় দফায় সাবেক সেনা কর্মকর্তা মাসুদ উদ্দিন রিমান্ডে

মানবপাচার ও সিন্ডিকেটের মাধ্যমে অর্থ আত্মসাতের অভিযোগে করা মামলায় সাবেক সংসদ সদস্য ও অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরীকে তৃতীয় দফায় ৩ দিনের রিমান্ডে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। শনিবার (৪ এপ্রিল) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট দিদারুল আলম শুনানি শেষে এ আদেশ দেন। এর আগে, দ্বিতীয় দফায় ৬ দিনের রিমান্ড শেষে তাকে আদালতে হাজির করেন মামলার তদন্ত কর্মকর্তা ডিবি পুলিশের এসআই মো. রায়হানুর রহমান। আজ তার বিরুদ্ধে আরও ৪ দিনের রিমান্ড আবেদন করা হলে শুনানি শেষে আদালত ৩ দিনের রিমান্ড মঞ্জুর করেন। রাষ্ট্রপক্ষের আইনজীবীরা শুনানিতে দাবি করেন, আসামি সংঘবদ্ধ একটি চক্রের মাধ্যমে জনশক্তি রপ্তানি খাতে সিন্ডিকেট গড়ে তুলে বিপুল পরিমাণ অর্থ আত্মসাৎ করেছেন। তারা বলেন, এখনো গুরুত্বপূর্ণ তথ্য উদ্ঘাটন বাকি রয়েছে, তাই অধিকতর জিজ্ঞাসাবাদের জন্য রিমান্ড প্রয়োজন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

## কোটি টাকা প্রতারণার অভিযোগে ঢাবি ছাত্রদল নেতা আটক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) হাজী মুহাম্মদ মুহসীন হল শাখা ছাত্রদলের আহ্বায়ক সদস্য মাহি চৌধুরীকে কোটি টাকা প্রতারণার অভিযোগে আটক করে পুলিশে সোপর্দ করা হয়েছে। শনিবার (৪ এপ্রিল) সন্ধ্যায় রাজধানীর উত্তর ইব্রাহিমপুরে মাহিকে আটক করেন কয়েকজন ভুক্তভোগী। ভুক্তভোগীরা জানান, মাহি নিজেকে ক্যাটফুড ব্যবসায়ী হিসেবে পরিচয় দিয়ে বিভিন্ন ব্যক্তির সঙ্গে আর্থিক লেনদেনে জড়ান। তিনি জানান যে, তার ২০ থেকে ২২টি দোকান রয়েছে এবং তিনি বড়ো পরিসরে ব্যবসা পরিচালনা করেন। আশিকুজ্জামান মোল্লা নামের এক ভুক্তভোগী বলেন, “আমরা তাকে আরও টাকা দেওয়ার প্রলোভন দেখিয়ে কৌশলে আটক করি। পরে জানতে পারি, আমাদের মতো আরও অনেকেই তার প্রতারণার শিকার হয়েছেন।” (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ রিহাব)

# BBC

### RUSSIAN ATTACK ON UKRAINE MARKET KILLS FIVE

A Russian drone attack on a market in southern Ukraine has killed five people and injured 21, including a 14-year-old girl, the prosecutor general's office says. The attack took place at 09:50 (06.50 GMT) in the town of Nikopol, just across the Dnipro river from land occupied by Russia since their full-scale invasion. Pictures published by the regional prosecutor show smashed market kiosks strewn with metal, glass and food. It comes after at least 15 civilians were killed in drone and missile strikes across the country on Friday. Meanwhile a drone and missile attack by Ukraine on the southern Russian city of Taganrog overnight killed at least one person and seriously injured four, Russia said. Ukraine's Nikopol frequently comes under fire, and almost half of the town's 100,000 residents left long ago for safety. But these drones hit in the middle of Saturday morning – in a busy spot – and the number of casualties is high. (BBC Web page : 04.04.2026 Ali Ahmed)

### RUSSIA CHOSE 'EASTER ESCALATION' OVER CEASEFIRE, SAYS ZELENSKY

Ukrainian President Volodymyr Zelensky has accused Moscow of choosing "Easter escalation" over an Easter ceasefire after Russia carried out another deadly large-scale drone and missile attack on Ukraine. Six civilians were killed and 40 others injured as Russia launched hundreds of drones and missiles across the country. Major daytime attacks, which were once rare, have been increasing. It's happening as efforts to end the war, led by the US, have stalled since US President Donald Trump and his team shifted focus to the conflict in the Middle East. Meanwhile, Zelensky agreed with a British intelligence assessment that the situation on the frontline in the east was the "most favourable" for Ukraine in 10 months, as the advance of Russian troops appears to have slowed. But there has been no let-up in the air raids. In the Zhytomyr region, west of Ukraine's capital, Kyiv, rescuers had to search for survivors beneath the rubble of their homes as a whole line of houses was destroyed. In the Kyiv region, a drone was filmed careering towards a block of flats, then slamming into its side, starting a fire.(BBC Web page : 04.04.2026 Ali Ahmed)

**US WARNS ITS CITIZENS TO LEAVE LEBANON CITING ESCALATING SECURITY RISKS**

The US government has urged all Americans to leave Lebanon immediately, following a similar warning for those in Iraq. The US embassy in Beirut warned that the security situation in Lebanon was "volatile and unpredictable", with air strikes, drone activity and rocket attacks reported, particularly in the south, the Beqaa Valley, and parts of the capital. US universities in the region have also been threatened, the embassy warned, adding that Iran and its aligned militias may target institutions in Lebanon. The advisory follows recent developments, including a US fighter jet reportedly being shot down over Iran and strikes by the Israel Defense Forces (IDF) on parts of Beirut. (BBC Web page : 04.04.2026 Ali Ahmed)

**FOURTH SUSPECT ARRESTED OVER JEWISH CHARITY AMBULANCE ARSON ATTACK**

A fourth suspect has been arrested in connection with the arson attack on Jewish charity-owned ambulances in north London last week, the Crown Prosecution Service (CPS) has said. The prosecution told Westminster Magistrates' Court the individual had been arrested on Saturday morning at the court. A man was seen being taken out of the building by police. The court was told four suspects took part in the attack. Three individuals charged following the attack appeared at the court this morning, and have since been remanded in custody. They are two British men - Hamza Iqbal, 20, and Rehan Khan, 19 - and a 17-year-old boy who is a dual British-Pakistani national. All three have been charged with arson with intent to damage property and being reckless as to whether life would be endangered.
(BBC Web page : 04.04.2026 Ali Ahmed)

**AMBER WIND WARNING ISSUED AS STORM DAVE SET TO HIT PARTS OF UK**

An amber wind warning has been issued for Saturday evening as Storm Dave is expected to bring "disruptive and potentially damaging winds" to parts of the UK. The warning, covering northern England, north-west Wales and southern Scotland, will begin at 19:00 BST and is due to expire at 03:00 on Sunday. The Met Office said injuries or danger to life could occur as a result of flying debris, with potential travel disruption and a "good chance" of power cuts. A series of yellow wind and snow warnings are set to take effect on Saturday afternoon as the country braces for a blustery Easter weekend. Gusts of 60-70mph are possible in some parts of the UK, with some coastal and exposed locations predicted to reach 80mph, the Met Office added. People are being advised to stay indoors as much as possible, and check for loose items outside that need securing ahead of the warnings coming into effect.
(BBC Web page : 04.04.2026 Ali Ahmed)

**RESCUE TEAM IN IRAN FACE 'HARROWING AND DANGEROUS' SEARCH FOR US CREW MEMBER**

Early reports indicate that the pilot of a US F-15 fighter aircraft downed over Iran was rescued - which, if confirmed, would be the latest in the long history of US combat search-and-rescue missions over decades. The search operation is ongoing deep inside Iran for a second crew member, according to CBS, the BBC's US partner. Combat search and rescue (CSAR) missions are considered among the most complex, time-sensitive operations that US and allied militaries prepare for. In the US, elite units of the air force are specially trained for CSAR missions and are often pre-emptively deployed near conflict areas where aircraft could be lost. (BBC Web page : 04.04.2026 Ali Ahmed)

**TRUMP SEEKS $152M TO REOPEN NOTORIOUS ALCATRAZ PRISON**

US President Donald Trump is seeking $152m (£115m) to reopen the infamous Alcatraz prison as part of his proposed budget for the 2027 fiscal year. Located near San Francisco's Golden Gate Bridge, the site, also known as The Rock, was once regarded as one of America's most notorious prisons, but has served as a tourist attraction in recent years. The budget request is seeking money "to rebuild Alcatraz as a state-of-the-art secure prison facility", with funds covering the first year of costs. The plan has been met with scepticism by a number of politicians in California, with questions raised about the final cost of the project and the challenges of running Alcatraz as an active prison. The maximum security facility was closed in 1963. As a tourist site, it is currently run by the National Park Service. Former speaker for the US House of Representatives, Nancy Pelosi, said the budget proposal from the Trump administration was "absurd on its face and should be rejected outright". "Rebuilding Alcatraz into a modern prison is a stupid notion that would be nothing more than

a waste of taxpayer dollars and an insult to the intelligence of the American people." The request will need to be approved by the US Congress.

(BBC Web page : 04.04.2026 Ali Ahmed)

**US PILOT RESCUED AFTER FIGHTER JET DOWNED OVER IRAN, US MEDIA REPORT**

A US pilot has reportedly been rescued after their F-15 fighter jet was shot down over western Iran, the BBC's US partner CBS News reports, citing unnamed US officials. A search is under way for a second crew member. The search and rescue mission to retrieve the crew - consisting of a Warthog jet and two helicopters - came under fire, causing the Warthog's pilot to eject over the Persian Gulf, where they were recovered, the report said. The helicopter that rescued the F-15 pilot was also attacked, wounding crew members, CBS News further reports. The apparent incident comes despite US President Donald Trump saying on Wednesday that Iran's drone and missile capabilities had been "decimated". Reports that a US F-15E jet had been downed were first published by the Islamic Revolutionary Guard Corps (IRGC) affiliated Tasnim news agency. If confirmed, it would mark the first time a US jet has been taken out by Iran since the start of the war. CBS reports, citing two US officials, that the rescue helicopter that came under attack was able to land safely and all service personnel are receiving medical treatment. Social media footage verified by the BBC shows a plane and two helicopters flying low over Khuzestan province, consistent with a search and rescue mission. (BBC Web page : 04.04.2026 Ali Ahmed)

## :: THE END ::